Daily Monitoring Report

Directorate of Monitoring
Bangladesh Betar, Dhaka
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 28, 1433 Bangla, May 11, 2026, Monday, No. 128, 56th year

H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has urged police personnels to ensure peace and security of countrymen. [BBC: 03]

Tarique Rahman has directed authorities concerned to take immediate steps to open six unused children hospital buildings. [BBC: 03]

A writ petition has been filed with the High Court seeking 2 crore Tk in compensation for each family of 352 children died from measles across country. [R. Today: 19]

11 more children have died from measles & measles-like symptoms in country. [BBC: 04]

Finance Minister has informed that government has decided to enact a Bank Resolution Act to bring banking sector into more disciplined structure. [Jago FM: 16]

Home Minister has assured that reasonable demands of the police force will be fulfilled to build it as a modern force. [BBC: 04]

Information and Broadcasting Minister has said, young generation should be educated with moral education along with digital literacy. [Jago FM: 17]

Road Transport, Shipping and Railways Minister has said, all necessary measures are being taken to make upcoming Eid-ul-Azha journey smooth and hassle-free. [R. Today: 19]

National Citizen Party has announced names of one hundred preliminary candidates for upazila parishad and municipality elections. [BBC: 04]

Pakistan's Foreign Ministry has informed that it has received Iran's response to the US proposal to end the war and sent it to Washington. [BBC: 09]

Director: 44813046	**Deputy News Controller: 44813048** **44813179**	**Assistant News Controller: 44813047** **44813178**

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
বৈশাখ ২৮, বাংলা ১৪৩৩, মে ১১, ২০২৬, সোমবার, নং- ১২৮, ৫৬তম বছর

শিরোনাম

দেশের জনগণের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ বাহিনীকে সর্বোচ্চ আন্তরিকতা ও সক্ষমতা নিয়ে দায়িত্ব পালনের আহ্বান জানালেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৩]

অব্যবহৃত ছয় শিশু হাসপাতাল দ্রুত চালুর নির্দেশ প্রধানমন্ত্রীর। [বিবিসি: ০৩]

সারাদেশে হামে মারা যাওয়া ৩৫২ শিশুর পরিবারকে ২ কোটি টাকা করে ক্ষতিপূরণ দিতে হাইকোর্টে রিট। [রে. টুডে: ১৯]

দেশে হামের উপসর্গ নিয়ে আরো এগারো শিশুর প্রাণহানি। [বিবিসি: ০৪]

ব্যাংক খাত আরও শক্তিশালী ও শৃঙ্খল কাঠামোয় আনতে ব্যাংক রেজুলেশন আইন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার – জানালেন অর্থমন্ত্রী। [জাগো নিউজ: ১৬]

পুলিশকে আধুনিক বাহিনী হিসেবে গড়ে তুলতে বাহিনীর যৌক্তিক দাবিগুলো পূরণের আশ্বাস স্বরাষ্ট্রমন্ত্রীর। [বিবিসি: ০৪]

তরুণ প্রজন্মকে ডিজিটাল সাক্ষরতার পাশাপাশি নৈতিক শিক্ষায় শিক্ষিত করতে হবে - মন্তব্য তথ্য ও সম্প্রচার মন্ত্রীর। [জাগো নিউজ: ১৭]

আসন্ন ঈদযাত্রা নির্বিঘ্ন করতে সব ধরনের ব্যবস্থাপনা নেওয়া হচ্ছে -- জানিয়েছেন সড়ক পরিবহন, নৌ ও রেলপথমন্ত্রী। [রে. টুডে: ১৯]

উপজেলা পরিষদ ও পৌরসভা নির্বাচনের জন্য প্রাথমিকভাবে ১০০ প্রার্থীর নাম ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি। [বিবিসি: ০৪]

যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের দেওয়া প্রস্তাবের বিপরীতে ইরানের জবাব পাকিস্তান হাতে পেয়েছে এবং তা যুক্তরাষ্ট্রের কাছে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়। [বিবিসি: ০৯]

বিবিসি

অব্যবহৃত ছয় শিশু হাসপাতাল দ্রুত চালুর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

অব্যবহৃত ছয় শিশু হাসপাতাল দ্রুত চালুর নির্দেশ দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। গত ১২ এপ্রিল `৩২০ কোটি টাকা খরচে ৬ শিশু হাসপাতালের ভবন পড়ে আছে , শীর্ষক একটি প্র তিবেদন বাংলাদেশের পত্রিকায় প্রকাশ হয়। পরে প্রতিবেদনটি প্রধানমন্ত্রী তারেক রহমানের দৃষ্টিগোচর হয়। ওই প্রতিবেদনে উল্লেখ করা হয় , রংপুর, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট ও কুমিল্লায় আধুনিক ছয়টি হাসপাতাল ভবন নির্মাণ হলেও , বছরের পর বছর তা অব্যবহৃত পড়ে আছে। পত্রিকায় প্রকাশিত এমন খবর পড়ার পর প্রধানমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন, প্রতিমন্ত্রী ডা. এম এ মুহিত এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মো . কামরুজ্জামান চৌধুরীসহ সংশ্লিষ্টদের সঙ্গে জরুরি বৈঠক করেন। দ্রুত এই অব্যবহৃত ছয়টি হাসপাতাল পরিদর্শন করে চালুর জন্য ওই বৈঠকে নির্দেশ দেন প্রধানমন্ত্রী। একইসঙ্গে, প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন, আগামী ২ জুনের মধ্যে নির্দেশনা বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে সার্বিক প্রতিবেদন পেশ করতে হবে। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ই সলাম রনি এ তথ্য জানান বলে খবর প্রকাশ করেছে বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা বাসস।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

জনগণের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর

দেশের জনগণের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে সর্বোচ্চ আন্তরি কতা ও সক্ষমতা নিয়ে দায়িত্ব পালনের জন্য পুলিশ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার সকালে রাজারবাগ পুলিশ লাইন্স মাঠে `পুলিশ সপ্তাহ-২০২৬,-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন , "দেশের জনগণের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করা পুলিশের ভূমিকার ওপরই সবচেয়ে বেশি নির্ভরশীল। আপনারা জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে সাধ্য ও সামর্থ্যের সবটুকু দিয়ে কাজ করবেন , এটাই আপনাদের কাছে সরকারের প্রত্যাশা।„ পুলিশ সদস্যদের নতুন শপথে অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে প্র ধানমন্ত্রী বলেন , "শুধু স্মরণের মধ্যদিয়েই আপনাদের , আমাদের দায়িত্ব শেষ হয়ে যায় না। বাংলাদেশের স্বাধীনতা অর্জনের জন্য যে -সব শহিদ পুলিশ ভাইরা আত্মত্যাগ করেছিলেন, যে-কোনো মূল্যে সেই স্বাধীনতা রক্ষা করা আমাদের পবিত্র দায়িত্ব।„ বাংলাদেশে আর কোনো ফ্যাসিবাদ-স্বৈরাচার যেন পুলিশ সদস্যদের দেশ ও জনগণের স্বাধীনতার বিরুদ্ধে ব্যবহার করতে না পারে , সে আহ্বান জানান প্রধানমন্ত্রী। "স্বাধীনতার প্রথম প্রহরেই পুলিশের রক্তে রঞ্জিত এই মাটিতে দাঁড়িয়ে আসুন , আজ আমরা আবারও নতুন শপথে অঙ্গীকারবদ্ধ হই,„ বলেন প্রধানমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

১০ মামলায় নারায়ণগঞ্জের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর জামিন

হত্যাসহ বিভিন্ন অভিযোগে দায়ের করা ১০টি মামলায় নারায়ণগঞ্জের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর জামিন বহাল রেখেছে আপিল বিভাগ। তার আইনজীবী মোতাহার হোসেন সাজু বিবিসি বাংলাকে জানিয়েছেন, "আপাতত তার মুক্তিতে বাধা নেই।„ মিজ আইভীর বিরুদ্ধে হত্যা, পুলিশের কাজে বাধাদান ও সহিংসতার মোট ১২টি মামলা রয়েছে। রোববার সকালে আপিল বিভাগ এই আদেশ দেয়। মি . সাজু আরো জানান, "জামিন পাওয়া এই ১০টি মামলার মধ্যে ছয়টি হত্যা, বাকিগুলো পুলিশের ওপর হামলা, সহিংসতা, সরকারি কাজে বাধাদানের মামলা।„ এছাড়াও, আরো দুইটি হত্যা মামলায় হাইকোর্ট থেকে জামিন পেয়েছেন মিজ আইভি। এই মামলা দুটির জামিনের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ চেম্বার জজ আদালতে আপিল করেছে উল্লেখ করে মি. সাজু জানান, এগুলোতে এখনো শুনানির জন্য আসেনি।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

পদত্যাগপত্র জমা দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দিন আহমদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর পদ থেকে পদত্যাগ করতে চিঠি জমা দিয়েছেন অধ্যাপক সাইফুদ্দিন আহমদ। রোববার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর এই পদত্যাগপত্র পাঠান তিনি। ব্য ক্তিগত কারণে এই পদ থেকে সরে যেতে চান বলে চিঠিতে উল্লেখ করেছেন অধ্যাপক আহমদ। একইসঙ্গে এই চিঠি দেওয়ার দিন থেকে পদত্যাগপত্র কার্যকর হবে বলেও উল্লেখ করেছেন অধ্যাপক আহমদ।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

আইনজীবী আলিফ হত্যা মামলায় জামিন পাননি চিন্ময় কৃষ্ণ দাস

চট্টগ্রামে আইনজীবী সাইফুল ইসলামকে কুপিয়ে ও পিটিয়ে হত্যার মামলায় সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাসের জামিন আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ এই আদেশ দিয়েছেন। একইসঙ্গে তার বিরুদ্ধে করা পুলিশের ওপর হামলা , গাড়ি ভাঙচুরসহ পৃথক আরো চারটি মামলায় জামিন আবেদনের ওপর রায়ের দিন পিছিয়ে সোমবার নির্ধারণ করেছেন হাইকোর্ট। হত্যা মামলাসহ এই পাঁচটি মামলায় মি . দাস বিচারিক আদালতে জামিন পাননি। পরে গত বছর হাইকোর্টে আবেদন করেন। এর আগে , এসব মামলায় তাকে কেন জামিন দেওয়া হবে না জানতে চেয়ে রুল দিয়েছিলেন হাইকোর্ট। পরে রায়ের দিন ঠিক করেছিলেন হাইকোর্ট।

২০২৪ সালের নভেম্বর মাসে সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাসকে চট্টগ্রামের আদালতে হাজির করা হলে, সেদিন সংঘর্ষে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ নিহত হন।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

পুলিশের যৌক্তিক দাবিগুলো পূরণ করা হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

পুলিশ বাহিনীকে একটি জনকল্যাণমুখী ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকারের আর্থিক সংগতি ও সক্ষমতা বিবেচনায় তাদের যৌক্তিক দাবিগুলো পূরণ করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার রাজধানীর রাজারবাগ পুলিশ মিলনায়তনে `পুলিশ সপ্তাহ-২০২৬, উদ্‌যাপন উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর বিশেষ কল্যাণ সভায় বিশেষ অতিথির বক্তব্যে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। বিগত দুই মাসে দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি হয়েছে উল্লেখ ক রে মি. আহমদ আরো বলেন, "আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরো উন্নত করতে চিহ্নিত সন্ত্রাসী, চাঁদাবাজ ও মাদক কারবারিদের বিরুদ্ধে বিশেষ অভিযান চলছে। „ তিনি আরো বলেন, জুয়া, অনলাইন জুয়া, সাইবার ক্রাইম ও মানি লন্ডারিং প্রতিরোধে আরো যুগোপযোগী আইন প্রণয়নের জন্য ইতোমধ্যে একটি ক মিটি গঠন করা হয়েছে। এই কমিটির সুপারিশ অনুযায়ী আইন প্রণয়ন করা হবে।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

নানক, তাপসসহ ২৮ জনের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধ মামলায় অভিযোগ গঠন, বিচার শুরু

বৈষম্যবিরোধী আন্দোলনের সময় ঢাকার মোহাম্মদপুরে নয়জনকে হত্যার ঘটনায় মানবতা বিরোধী অপরাধের মামলায় সাবেক মন্ত্রী জাহাঙ্গীর কবির নানক, দক্ষিণ সিটি করপোরেশনের সাবেক মেয়র শেখ ফজলে নূর তাপসসহ ২৮ আসামির বিরুদ্ধে বিচার শুরুর নির্দেশ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। রোববার ট্রাইব্যুনাল এই মামলায় আনুষ্ঠানিক অভিযোগ গঠন করে। আগামী ৮ জুন এই মামলায় সূচনা বক্তব্য উপস্থাপন ও সাক্ষ্যগ্রহণের দিন ঠিক করেছে ট্রাইব্যুনাল। এই মামলার ২৮ জন আসামির মধ্যে মি. নানক, মি. তাপসসহ ২৪ জন পলাতক। নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের নেতা নাইমুর রহমানসহ চারজন গ্রেফতার রয়েছেন এই মামলায়। অভিযোগ গঠনের শুনানিতে তারা অভিযোগ স্বীকার করেন কিনা প্রশ্ন করলে, তারা নির্দোষ, ন্যায়বিচার চান বলে উত্তর দেন।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

উপজেলা পরিষদ ও পৌরসভা নির্বাচনের জন্য এনসিপির১০০ প্রার্থী ঘোষণা

উপজেলা পরিষদ ও পৌরসভা নির্বাচনের জন্য প্রাথমিকভাবে ১০০ প্রার্থীর নাম ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম রোববার বিকেলে রাজধানীর বাংলামোটরের কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে তাদের নাম ঘোষণা করেন। তিনি জানান, স্থানীয় সরকার নির্বাচনের জন্য হাজারেরও বেশি আবেদন জমা হয়েছিল। সে খান থেকে প্রাথমিকভাবে ১০০ জনের নাম ঘোষণা করা হচ্ছে। "আশা করছি, ঈদের আগেই এ মাসের ২০ তারিখে দ্বিতীয় ধাপে আবার ১০০ জন প্রার্থীর নাম ঘোষণা করবো। এই নাম ঘোষণার প্রক্রিয়া চলতে থাকবে„ বলেন মি. আলম। এর আগে, গত ২৯ মার্চ আসিফ মাহমুদ সজীব ভুঁইয়াকে ঢাকা দক্ষিণের প্রা র্থী ঘোষণা করা হয়। একইসঙ্গে পাঁচটি সিটি করপোরেশনের মেয়র প্রার্থীর নামও প্রকাশ করে এনসিপি।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ভারতের উচিত বাংলাদেশকে অনুসরণ করা: খেলাফত মহাসচিব

ভারতে মুসলমানদের ওপর ধারাবাহিক নির্যাতন, মসজিদ-মাদ্রাসায় হামলা এবং মুসলিম নারী-পুরুষের জানমাল ও ধর্মীয় স্বাধীনতার ওপর আঘাত মানবাধিকারের চরম লঙ্ঘন বলে মন্তব্য করেছেন বাংলাদেশ খেলাফত মজলিশের মহাসচিব জালালুদ্দীন আহমদ। পশ্চিমবঙ্গ, আসামসহ ভারত জুড়ে মুসলমানদের ওপর চলমান নিপীড়ন, হামলা ও মানবাধিকার লঙ্ঘনে র প্রতিবাদে রোববার বিকেলে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে বাংলাদেশ খেলাফত মজলিশ একটি বিক্ষোভ মিছিল করে। এর আগে, সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মি. আহমদ এসব কথা বলেন। পশ্চিমবঙ্গ ও আসামসহ ভারতের বিভিন্ন অঞ্চলে মুসলমানদের নাগরিক অধিকার হরণ এবং সাম্প্র দায়িক আগ্রাসনের ঘটনায় মুসলিম বিশ্ব গভীরভাবে উদ্বিগ্ন উল্লেখ করে অবিলম্বে মুসলিম নিপীড়ন বন্ধ এবং আন্তর্জাতিক সম্প্রদায়কে কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান মি. আহমদ। বাংলাদেশের সরকারকে 'ভারতীয় তাঁবেদারি' পরিহার করার দাবি জানিয়ে এসব ঘটনায় কূটনৈতিক তৎপরতা জোরদার করার আহ্বান জানান তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে আরো ১১ শিশু মারা গেছে, মৃত্যু চারশো ছাড়াল

বাংলাদেশে হামে আক্রান্ত হয়ে শিশু মৃত্যুর সংখ্যা চারশো ছাড়িয়ে গেছে। এই বছর এই রোগের উপসর্গ নিয়ে ৪০৯টি শিশুর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে ১১ শিশু মারা গেছে। এদের মধ্যে হামে মারা গেছে চার শিশু এবং সন্দেহজনক হাম রোগে সাত শিশু মারা গেছে। এছাড়া, গত ২৪ ঘণ্টায় হামে ঢাকা বিভাগে তিন শিশু এবং সন্দেহজনক হাম রোগে এই বি ভাগে আরো তিন শিশুর মৃত্যু হয়েছে। গত

১৫ই মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও এর উপসর্গজনিত রোগে ৪০৯ শিশু মারা গেছে। এই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে , গত ২৪ ঘণ্টায় ২০৫ জন হাম রোগী শনাক্ত করা হয়েছে। একইসঙ্গে ওই সময়ে দেড় হাজারের বেশি সন্দেহজনক হাম রোগী শনাক্ত করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

আইন-শৃঙ্খলা 'নিয়ন্ত্রণে আছে, অবনতি হয়নি' বলা হলেও এখনো উদ্বেগ কেন?

"আগের চেয়ে অনেক ইমপ্রুভ করেছে। গোয়েন্দা নজরদারি জোরদার হয়েছে। সন্ত্রাসী-চাঁদাবাজদের তালিকা করে অভিযান চলছে। অনেককে আটক করা হয়েছে। সব মিলিয়ে কিছু অপরাধ থাকলেও পরিস্থিতি নিয়ন্ত্রণেই আছে, অবনতি হয়নি।„ বিবিসি বাংলার প্রশ্নের জবাবে এই কথাগুলো বলছিলেন পুলিশ সদর দপ্তরের মুখপাত্র এ এইচ এম শাহাদত হোসাইন। তিনি জানান, আইন-শৃঙ্খলা পরিস্থিতি "বেশ উন্নতি করেছে„ বলেই মনে করছেন তারা। শুক্রবার বাংলাদেশে পুলিশের মহাপরিদর্শক (আইজি) মো. আলী হোসেন ফকির ঢাকায় এক অনুষ্ঠানে বলেছেন, পুলিশের কিছু যে বিশৃঙ্খলা ছিল, তা অনেকাংশে সুশৃঙ্খল করা সম্ভব হয়েছে। তবে স্থানীয় সংবাদ মাধ্যমগুলোর দিকে তাকালে দেখা যায় ভিন্ন পরিস্থিতি। ছিনতাই, চাঁদাবাজির খবর প্রায় প্রতিদিনই পত্রিকার পাতায় উঠে আসে। পুলিশের অভ্যন্তরীণ পর্যালোচনা সভাগুলোতে উঠে আসা তথ্য অনুযায়ী, কথিত শীর্ষ সন্ত্রাসীদের তৎপরতা, পুলিশের লুট হওয়া অস্ত্র এবং চাঁদাবাজিতে রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্তদের জড়িত হয়ে পড়াই আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতির বড়ো কারণ। ওদিকে মব বা দলবদ্ধ সহিংসতার ঘটনাও পুরোপুরি নিয়ন্ত্রণে আসছে না। একটি মানবাধিকার সংস্থার তথ্য মতে, এপ্রিল মাসেও মব সহিংসতায় অন্তত ১৯ জন প্রাণ হারিয়েছে। সামাজিক মাধ্যম ব্যবহারকারী থেকে শুরু করে অপরাধ বিষয়ক বিশ্লেষকদের অনেকের কথাতেই আইন-শৃঙ্খলা নিয়ে উদ্‌বেগের বিষয়টি এখনো উঠে আসছে। রোববার থেকে শুরু হয়েছে চার দিনের পুলিশ সপ্তাহ। ফলে এই সময়ে আবার পুলিশের সক্ষমতার বিষয়টিও সামনে এসেছে। পুলিশ সপ্তাহ উপলক্ষ্যে দেওয়া বাণীতেও বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান উল্লেখ করেছেন, "পরিবর্তিত বৈশ্বিক বাস্তবতায় পুলিশের আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি অপরিহার্য।„ স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ অবশ্য বলছেন যে, সরকারের আড়াই মাসেই পুলিশ বাহিনী সক্রিয় ও কার্যকর হয়ে উঠেছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে। "একই সাথে জনমনেও আস্থা ফিরে এসেছে। সে কারণেই সেনাবাহিনীকে মাঠ পর্যায় থেকে পর্যায়ক্রমে প্রত্যাহার করা হচ্ছে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

উদ্বেগ কেন

পুলিশ বলছে, চলমান অভিযানের অংশ হিসেবে গত চব্বিশ ঘণ্টায় শুধু ঢাকাতেই বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগে ১০০ জনের বেশি ব্যক্তিকে আটক করা হয়েছে। সব মিলিয়ে চলতি মাসের প্রথম সাত দিনে আটক হয়েছে ৯০০ জনের বেশি। কিন্তু এরপরেও ছিনতাই, চাঁদাবাজির অভিযোগ আসছেই। বিশেষ করে সামাজিক মাধ্যমে সড়ক মহাসড়কে যানবাহন ঠেকিয়ে বা আটকে বিভিন্ন কায়দায় ছিনতাই, ডাকাতির নিত্যনতুন ভিডিও দেখা যাচ্ছে। এমনকি ঢাকার কাওরান বাজারসহ কয়েকটি এলাকায় প্রকাশ্যেই ছিনতাইয়ের বেশ কিছু ঘটনা আলোচনায় এসেছে। বৃহস্পতিবার ঢাকা মহানগর পুলিশের মাসিক পর্যালোচনা সভায় চাঁদাবাজির সাথে রাজনৈতিক দলের নেতা-কর্মীদের সম্পৃক্ততার প্রসঙ্গ তুলেছেন বিভিন্ন থানায় কর্মরত পুলিশ কর্মকর্তারাই। জবাবে ডিএমপি কমিশনার মো. সরওয়ার চাঁদাবাজদের গ্রেফতারে রাজনৈতিক পরিচয় না দেখার নির্দেশনা দিয়েছেন বলে জানিয়েছেন ঢাকার একটি থানার একজন ভারপ্রাপ্ত কর্মকর্তা। "সরকারি দলের লোকজনের বিরুদ্ধে অভিযোগ আসলে অনেক সময় ব্যবস্থা নেওয়া যায় না। সে কারণেই প্রসঙ্গটি উঠেছিল,„ বিবিসি বাংলাকে বলেছেন ওই কর্মকর্তা। তিনি তার নাম প্রকাশ না করার অনুরোধ করেছেন। এদিকে, ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের জের ধরে পুলিশ বাহিনীর মধ্যে যে বিশৃঙ্খল পরিস্থিতি তৈরি হয়েছিল, তা সামাল দিয়ে উঠলেও, পুলিশকে পুরোপুরি কার্যকর এখন করা গেছে কি-না, সেই প্রশ্ন আছে অনেকের মধ্যে।

আওয়ামী লীগ সরকারের পতনের আন্দোলন চলার সময় অনেক থানায় হামলা করে যে-সব অস্ত্র ও গোলাবারুদ লুট হয়েছে, সেগুলোর সব এখনো উদ্ধার করা যায়নি। এসব অস্ত্র পেশাদার সন্ত্রাসীদের হাতে চলে গেছে কি-না, তা নিয়েও উদ্বেগ আছে। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, পুরস্কার ঘোষণার পরও এপ্রিল মাস পর্যন্ত মোট এক হাজারের বেশি অস্ত্র ও প্রায় আড়াই লাখ গোলাবারুদ এখনো উদ্ধার করতে পারেনি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এগুলো বিভিন্ন থানা থেকে লুট হয়েছিল। পুলিশ সদর দপ্তর ও ঢাকা মহানগর পুলিশের কর্মকর্তাদের কয়েকজনের সঙ্গে কথা বলে যে ধারণা পাওয়া গেছে, তা হলো- কথিত শীর্ষ সন্ত্রাসীদের নামে তৎপরতা, আর পুলিশের লুট হওয়া অস্ত্র গোলাবারুদ উদ্ধার করতে না পারাটাও আইন-শৃঙ্খলার অবনতিতে ভূমিকা রাখছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিত করতে জাতীয় সমন্বয় কমিটি গঠন করে গত ৩০ এপ্রিল গেজেট প্রকাশ করা হয়েছে। প্রধানমন্ত্রী নিজেই এ কমিটির সভাপতি। জানা গেছে, এই কমিটি গঠনসংক্রান্ত সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী দুই মাসের মধ্যে পুলিশের লুণ্ঠিত আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ উদ্ধারের নির্দেশ দিয়েছেন। এরপর থেকে এ নিয়ে বিশেষ

তৎপরতা শুরু হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সূত্র বলছে, সাম্প্রতিক কিছু ঘটনাপ্রবাহে মনে করা হচ্ছে লুট হওয়া অস্ত্র সন্ত্রাসীদের হাতে গেছে এবং কিছু ঘটনায় সেগুলো ব্যবহারও করা হয়ে থাকতে পারে।

পরিস্থিতি মোকাবিলায় পুলিশের সক্ষমতা আরও বাড়াতে ঢাকায় কয়েকটি নতুন থানা ও পুলিশ ফাঁড়ি বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। "একদিকে পুলিশের উপস্থিতি বাড়ানো এবং অন্যদিকে গোয়েন্দা নজরদারি আরও জোরদার করা হয়েছে। এগুলো পরিস্থিতিতে আরও ভালো করবে,„ বলছিলেন পুলিশের মুখপাত্র শাহাদত হোসাইন। কিন্তু তারপরেও বাসস্ট্যান্ড, ট্রাকস্ট্যান্ড, ফুটপাত ছাড়াও গার্মেন্টসহ বিভিন্ন প্রতিষ্ঠানে চাঁদাবাজি করা হচ্ছে কিংবা চেষ্টা হচ্ছে বলে খবর আসছে প্রতিনিয়ত। ঢাকা ও ঢাকার বাইরে এমনকি জেলা পর্যায়েও এসব চাঁদাবাজির সঙ্গে জড়িতদের যে তালিকা পুলিশ করেছে, সেখানে রাজনীতিতে জড়িত অনেকের নাম আছে বলে তথ্য পাওয়া গেছে। এর মধ্যে ঢাকার বাইরেও কয়েকটি খুনের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার চট্টগ্রামের বায়েজিদ বোস্তামি থানায় গুলিতে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় একটি শিশুও গুলিবিদ্ধ হয়েছে। খুলনার বটিয়াঘাটায় আজিজুল ইসলাম নামের এক যুবককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা; শুক্রবার সন্ধ্যায় তার মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ।

এই খুলনাতেই গ্রেফতারি পরোয়ানা আছে, এমন একজন ব্যক্তিকে গুলি করার পর তাকে ঢাকায় আনার পথে তাকে বহনকারী অ্যাম্বুলেন্স লক্ষ্য করেও গুলির ঘটনা ঘটেছে গত ৪ মে রাতে। এর আগে, সম্প্রতি ঢাকায় পুলিশের ঘোষিত শীর্ষ সন্ত্রাসীদের একজন খন্দকার নাঈম আহমেদ টিটন খুন হওয়ার পর, তালিকায় শীর্ষ সন্ত্রাসীদের নাম নতুন করে আলোচনায় এসেছে। অপরাধ জগতের নিয়ন্ত্রণ নিতে নিজেদের মধ্যে তারা দ্বন্দ্ব সংঘাতে জড়াচ্ছেন এমন খবরও আসছে সংবাদ মাধ্যমে। এদের মধ্যে কয়েকজন শেখ হাসিনা সরকারের পতনের পর জেল থেকে ছাড়া পেয়েছেন। পুলিশ সূত্রগুলো বলছে, এসব সন্ত্রাসীদের অনুসারীরা ঢাকায় ব্যাপক চাঁদাবাজিতে যুক্ত বলে পুলিশ মনে করছে। মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অপরাধ বিজ্ঞান ও পুলিশ সায়েন্সেস বিভাগের অধ্যাপক ড. মো. ওমর ফারুক বলছেন, অপরাধ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে যে ধরনের কার্যকর ব্যবস্থা থাকা উচিত, সেটি এখনো হয়নি বলেই আইন-শৃঙ্খলা ঠিক রাখতে হিমশিম খেতে হচ্ছে। "২০২৪ সালের ৫ আগস্টের পর পুলিশ বাহিনী পুনর্গঠন ও জন আস্থা ফিরিয়ে আনতে কার্যকর কোনো উদ্যোগ দেখা যায়নি বলেই পুলিশ তাদের সক্ষমতা পুরোপুরি ফিরে পায়নি। এ কারণেই অপরাধ বাড়ছে ও অপরাধীরা বেশি তৎপর হতে পেরেছে।„ "তারা রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রভাবশালীদের আনুকূল্য পাচ্ছে। এ কারণে চাঁদাবাজি এমন মাত্রায় গেছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী যা বললেন

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, পুরোপুরি ভেঙে পড়া পুলিশি বাহিনী সক্রিয় ও কার্যকর হয়ে উঠবে- এটা জনগণের প্রত্যাশা ছিল। "আমরা মনে করি, সরকারের আড়াই মাসেই তারা সেই সক্রিয় অবস্থানে আসতে পেরেছে। তারা এখন আইন-শৃঙ্খলার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখছে এবং সে কারণে মানুষের মধ্যেও পুলিশকে নিয়ে আস্থা ফিরে এসেছে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। মি. আহমদ বলেন, বিএনপি সরকার গঠনের পর পুলিশের মোটিভেশন এবং কাজ করার সক্ষমতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হয়েছে। "পুলিশ যথাযথ সক্ষমতা অর্জন করে কাজ করছে। সে কারণে সেনাবাহিনী মাঠ থেকে পর্যায়ক্রমে প্রত্যাহার হচ্ছে। পুলিশের সদস্য সংখ্যা বাড়ানোরও প্রক্রিয়া চলছে,„ বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ১০.০৫.২০২৬ আলী আহমেদ)

ইডেন কলেজে কী হয়েছে, ছাত্র রাজনীতির বন্ধের দাবি সামনে আসছে কেন

বাংলাদেশে মেয়েদের অন্যতম বড়ো শিক্ষা প্রতিষ্ঠান ইডেন মহিলা কলেজের গেটের তালা ভেঙে একদল ছাত্রীর বিক্ষোভ থেকে ছাত্র-রাজনীতি নিষিদ্ধের দাবি তোলার পর, এ ঘটনা নিয়ে পরস্পরকে দোষারোপ করেছে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবির। শনিবার রাতে সেখানকার ছাত্রীদের একাংশের ওই বিক্ষোভের পর ক্যাম্পাসগুলোতে 'ছাত্র রাজনীতি বন্ধের' বিষয়টি নতুন করে আলোচনায় আসছে। ওই বিক্ষোভের ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। এর আগে, গত মঙ্গলবার তিতুমীর কলেজের নারী শিক্ষার্থীদের একটি দল আবাসিক হলে রাজনীতি নিষিদ্ধের দাবিতে হলের তালা ভেঙে বিক্ষোভ করেছিলেন। তবে ক্ষমতাসীন বিএনপির সহযোগী ছাত্র সংগঠন ছাত্রদল বলছে, ছাত্রশিবিরের ইন্ধনে 'ছাত্র রাজনীতি বন্ধের' দাবি তোলা হচ্ছে, কারণ তাদের ভাষায় 'ছাত্রশিবিরের সমর্থকরা দলীয় পরিচয় গোপন করে' দেশের ক্যাম্পাসগুলোতে নিজেদের আধিপত্য প্রতিষ্ঠা করতে চাইছে। অন্যদিকে, ছাত্রশিবির অভিযোগটি প্রত্যাখ্যান করে বলছে, তারা ছাত্র-রাজনীতি বন্ধ চান না, তবে সাম্প্রতিক সময়ে ছাত্রদলের 'নানা অপকর্মের' কারণেই 'সাধারণ শিক্ষার্থীদের, মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে এবং সেই ক্ষোভ থেকেই ছাত্র-রাজনীতির বন্ধের প্রসঙ্গ আসছে।

প্রসঙ্গত, ইসলামি ছাত্রশিবির শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রদের সংগঠন হিসেবে কাজ করে। অন্যদিকে, একই মতাদর্শে বিশ্বাসী ছাত্রীরা ছাত্রী সংস্থার সঙ্গে জড়িত থাকে। এ দুটি সংগঠনই জামায়াতে ইসলামীর মতাদর্শে বিশ্বাসী। এর আগে, গত মাসেও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষমতাসীন ছাত্র সংগঠন ছাত্রদল ও ইসলামী ছাত্র

শিবিরের মধ্যে হামলা, সংঘর্ষ ও অস্থিরতার ঘটনা ঘটেছিল। তখনও উভয় সংগঠন একে অপরের বিরুদ্ধে অপপ্রচার চালানো এবং বিভিন্ন কৌশলে ক্যাম্পাস ও শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টার অভিযোগ করছিল।

ইডেন কলেজে কী হয়েছে

শনিবার রাত ১১টার দিকে ঢাকার আজিমপুর এলাকা ইডেন মহিলা কলেজের ক্যাম্পাসের ভেতরে বিক্ষোভ শুরু করে একদল ছাত্রী। এক পর্যায়ে তারা হলের প্রধান গেটের তালা ভেঙে ফেলে। কিছুক্ষণের মধ্যেই তাদের বিক্ষোভের ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এসব ভিডিওতে দেখা যায়, একদল শিক্ষার্থী জড়ো হয়ে বিক্ষোভ করছেন। কোনো কোনো ভিডিওতে দেখা গেছে, বিক্ষোভে অংশ নেওয়াদের মধ্যে কয়েকজন সেখানে থাকা ছাত্রদলের পোস্টার ব্যানার ছিঁড়ে ফেলছেন। ইডেন কলেজের এক শিক্ষার্থী বিবিসি বাংলাকে জানিয়েছেন, কলেজের ছয়টি হল থেকেই ছাত্রীরা অনেকে এসে এই বিক্ষোভে অংশ নিয়েছেন এবং তারা ক্যাম্পাসে ছাত্র-রাজনীতি বন্ধের দাবি করছিল। "আমাদের কলেজের গেইটের সামনে 'রাজনীতিমুক্ত' শব্দগুলো লেখা ছিল। শনিবার সন্ধ্যায় সেটি ছাত্রদলের নেতারা মুছে ফেললে উত্তেজনা তৈরি হয়। পরে বিভিন্ন হল থেকে কিছু ছাত্রী এসে বিক্ষোভ শুরু করে,„ বলছিলেন তিনি। পরে রাতে কলেজের শিক্ষকরা এসে ছাত্রীদের সাথে কথা বলার চেষ্টা করেন। এসময় শিক্ষার্থীরা বহু বছর ধরে হলে আছেন কলেজের এমন কয়েকজন ছাত্রদল নেত্রীর হলে থাকার বৈধতা নিয়ে আপত্তি জানান। একইসঙ্গে, তারা ইডেন কলেজের ক্যাম্পাসের ভেতরে ছাত্র-রাজনীতি বন্ধের দাবি জানান। এ নিয়ে প্রতিক্রিয়া দেখা দেয় ছাত্রদলের মধ্যে। রাত সোয়া ১টায় ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির ফেসবুকে তার ভেরিফায়েড পাতায় লিখেন, "কলেজ প্রশাসনের কাছে দাবি জানাচ্ছি, আপনারা সবার রাজনৈতিক অধিকার ও সুরক্ষা নিশ্চিত করুন। আপনারা শিবিরের কূটচালের সামনে মাথা নত করবেন না। ধোঁকাবাজির শিকার হবেন না। অন্যথায়, সমগ্র দেশ থেকে গুপ্ত রাজনীতির অবসান ঘটানো হবে।„ জবাবে ফেসবুকে ছাত্র-শিবিরের সভাপতি নূরুল ইসলাম সাদ্দাম তার ভেরিফায়েড পাতায় লিখেছেন, "বিভিন্ন ক্যাম্পাসে আবার রাজনীতিমুক্ত ক্যাম্পাসের স্লোগান উঠেছে। এর দায় সম্পূর্ণ ছাত্রদলকেই নিতে হবে। আর মতের সঙ্গে না মিললেই 'গুপ্ত' ট্যাগিং খেলার এক অপরিণামদর্শী রাস্তা তারা বেছে নিয়েছে। এই ট্যাগিং পলিটিক্সের কারণে তাদের কত বড়ো পতন নেমে আসতে পারে, তা তারা চিন্তাও করছে না।„

ছাত্র-রাজনীতি বন্ধের দাবি কেন

ছাত্রদল সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির বিবিসি বাংলাকে বলেছেন যে, ৫ আগস্টে শেখ হাসিনার পতনের পর বিভিন্ন ক্যাম্পাসে ক্যাম্পাসে ছাত্র-রাজনীতি নিষিদ্ধেরর দাবিতে মানববন্ধন হয়েছিল এবং সেইসব মানববন্ধনের নেতৃত্বে যারা ছিলেন, তাদের অনেকেই পরে শিবিরের নেতৃত্বে এসেছে। "তিতুমীর কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী মেডিকেলসহ অনেক জায়গায় এটি ঘটেছে। তিতুমীরে যিনি আন্দোলন করেছেন, তিনি সেখানকার শিবিরের সভাপতি হয়েছেন। রাজশাহী মেডিকেলে 'নো পলিটিক্স ইন ক্যাম্পাস' আন্দোলনের নেতা হয়েছেন, সেখানকার শিবিরের সভাপতি। এখন ইডেনেও সেই একই খেলা শুরু হয়েছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তিনি বলেন, "শিবির তাদের গুপ্ত শাখার কর্মীদের লেলিয়ে দিয়ে ছাত্র-রাজনীতি বন্ধ করার জন্য মব সৃষ্টি করেছিল বিভিন্ন ক্যাম্পাসে। যারা এই মবের নেতৃত্ব দিয়েছে, পরবর্তীতে তারাই গুপ্ত সংগঠনের শীর্ষ নেতা হিসেবে আত্মপ্রকাশ করেছে।„ তার দাবি, "শিবির গুপ্ত রাজনীতির করে ছাত্র-রাজনীতিকে দুর্গন্ধময় করে ফেলেছে। আবার তারাই গোপনে আধিপত্য বিস্তারের জন্য ছাত্র-রাজনীতি বন্ধের দাবি করানোর নাটক করে।„ ইসলামি ছাত্র-শিবিরের সভাপতি নূরুল ইসলাম সাদ্দাম বলছেন, ছাত্রদলের নোংরা রাজনীতির জন্যই শিক্ষার্থীরা রাজনীতি বিমুখ হয়ে যাচ্ছে। "ইডেনে ১৬/১৭ বছর ধরে তাদের নেতারা সিট দখল করে রেখেছে। সেগুলো শিক্ষার্থীদের ক্ষুব্ধ করে তুলেছে। সেখানে শিবির নেই। আর আমরা চাই, ছাত্র-রাজনীতি থাকুক। তবে একটা কোড অব কন্টাক্ট থাকতে হবে যে, ক্যাম্পাসের ছাত্র রাজনীতি কেমন হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

ছাত্র-শিবিরের সভাপতির দাবি, ছাত্রদলের 'নোংরা রাজনীতির' খেসারত পুরো ছাত্র-রাজনীতির ওপর এসে পড়ছে এবং এজন্য শিক্ষার্থীরা ছাত্র রাজনীতি নিয়ে ভীত হয়ে পড়েছে। নূরুল ইসলাম সাদ্দাম অভিযোগ করেন যে, "শিক্ষার্থীদের জন্য কাজ না করে চাঁদাবাজি, স্ট্যান্ড দখল, টেন্ডারবাজি, সন্ত্রাস, দখলদারি এবং নিষিদ্ধ লীগকে কমিটিতে পুনর্বাসনসহ সারা দেশে কমিটি দেওয়াকে কেন্দ্র করে চলমান সংঘর্ষের রাজনীতির কারণে শিক্ষার্থীরা আবার আতঙ্কিত হয়ে পড়েছে।„ "এর ফলে বিভিন্ন ক্যাম্পাসে আবার রাজনীতিমুক্ত ক্যাম্পাসের স্লোগান উঠেছে। এর দায় সম্পূর্ণ ছাত্রদলকেই নিতে হবে,„ বলছিলেন মি. সাদ্দাম। (বিবিসি ওয়েব পেজ : ১০.০৫.২০২৬ আলী আহমেদ)

ইসরায়েলি বাহিনীর অভিযানে হিজবুল্লাহ-এর ১০ জনেরও বেশি সদস্য নিহত : ইসরায়েলি সেনাবাহিনী

গত ২৪ ঘণ্টায় ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে , তাদের অভিযানে হিজবুল্লাহ-এর ১০ জনেরও বেশি সদস্য নিহত হয়েছে। রোববার সকালে ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে , হিজবুল্লাহ-এর প্রায় ৪০টি অবকাঠামোতে হামলা চালিয়েছে সেনাবাহিনী। ইসরায়েলি সেনাবাহিনীর মুখপাত্র আভিচে আদরা ই সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স -এ এক পোস্টে উল্লেখ করেছেন, সেনাবাহিনীর ৯১তম ডিভিশন যে-সব লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে, তার মধ্যে ছিল "সামরিক

কাজে ব্যবহৃত ভবন। যেখান থেকে হিজবুল্লাহ সদস্যরা তৎপরতা চালাচ্ছিল। একইসঙ্গে অস্ত্রের গুদাম, একটি ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্র এবং অতিরিক্ত আরো কিছু অবকাঠামোয় হামলা করা হয়।„
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির সঙ্গে খাতাম আল-আনবিয়ার কমান্ডারের সাক্ষাৎ

ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির সঙ্গে সাক্ষাৎ করেছেন দেশটির সশস্ত্র বাহিনীর কেন্দ্রীয় সদর দপ্তর খাতাম আল আনবিয়ার কমান্ডার মেজর জেনারেল আলী আব্দুল্লাহি। ইরানের গণমাধ্যমগুলো এ খবর প্রকাশ করেছে। কোনো ছবি বা ভিডিও প্রকাশ না করেই সংবাদমাধ্যমগুলো লিখেছে , খাতাম ঘাঁটির কমান্ডার সর্বোচ্চ নেতা খামেনিকে একটি প্রতিবেদন দিয়েছেন। সেনাবাহিনী, রেভ্যুলুশনারি গার্ডস কোর (আইআরজিসি), নিরাপত্তা এবং সীমান্ত পুলিশ বাহিনী, প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং বাসিজসহ ইরানের সশস্ত্র বাহিনীর প্রস্তুতির বিষয়ে জানানো হয়েছে এই প্রতিবেদনে। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান গত ৭ মে সর্বোচ্চ নেতার সঙ্গে একটি "আড়াই ঘণ্টার„ বৈঠকের কথা জানালেও, সেটি ঠিক কখন হয়েছিল, তা নির্দিষ্ট করে জানাননি। উল্লেখ্য, ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির বা সভবনে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি হামলার পর থেকে তার কোনো অডিও বা ভিডিও প্রকাশ করা হয়নি। ইরানের সংবাদমাধ্যমগুলো শুধুমাত্র তার লিখিত বার্তা প্রচার করে আসছে।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

পাকিস্তানের মাধ্যমে যুক্তরাষ্ট্রের প্রস্তাবের জবাব দিয়েছে ইরান

পাকিস্তানের মাধ্যমে "যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের সর্বশেষ প্রস্তাবের „ রোববার জবাব দিয়েছে বলে জানিয়েছে ইরান। এর আগে, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছিল, যুক্তরাষ্ট্রের প্রস্তাব নিয়ে "প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা এবং চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছানোর পরই„ তারা এর জবাব দেবে। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ইরনা লিখেছে, "প্রস্তাবিত পরিকল্পনা অনুযায়ী, আলোচনার এই পর্যায়ের মূল লক্ষ্য হবে এই অঞ্চলের যুদ্ধ বন্ধ করা।„ গত সপ্তাহে যুক্তরাষ্ট্র ইরানকে এই নতুন প্রস্তাবটি দেয়। এরপর থেকে ডোনাল্ড ট্রাম্প বেশ কয়েকবার বলেছেন , তেহরানের জবাবের অপেক্ষায় আছেন তিনি। মার্কিন সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী, ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের দেওয়া এই সর্বশেষ পরিকল্পনাটি মাত্র এক পাতার একটি প্রস্তাব, যেটিতে ১৪টি অনুচ্ছেদ রয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

খাড়গ দ্বীপে তেল ছড়িয়ে পড়ার খবরটি মিথ্যা, বলছেন ইরানের তেল টার্মিনালগুলোর সিইও

ইরানের তেল টার্মিনাল কোম্পানিগুলোর প্রধান নির্বাহী আব্বাস আসাদরোজ খাড়গ দ্বীপের উপকূলে তেলের আস্তরণ তৈরির খবরকে "বাস্তবতা বিবর্জিত মিথ্যা দাবি„ বলে দাবি করেছেন। ইরানি সংবাদমাধ্যমে সিইও আব্বাস আসাদরোজ বলেছেন, "খবরটি প্রকাশিত হওয়ার পরপরই স্বাস্থ্য ও নিরাপত্তা , রাসায়নিক বিভাগ এবং ল্যাবরেটরির বিশেষজ্ঞ দল পুরো এলাকা পর্যবেক্ষণ করেছে, কিন্তু দূষণের সামান্যতম চিহ্নও পাওয়া যায়নি। „ তার মতে, আন্তর্জাতিক মেরিটাইম অর্গানাইজেশনের মিমাক সেন্টার অথবা ইরান কারো কাছেই এই এলাকায় দূষণ সংক্রান্ত কোনো রিপোর্ট নেই। আসাদরোজ আরো বলেন, "গল্প রচয়িতারা দাবি করছেন, দাগটি সমুদ্রের দিকে যাচ্ছে। অথচ উত্তর-পশ্চিম দিক থেকে দক্ষিণ-পূর্বে যে গতিতে বাতাস বইছে , তাতে কোনো আস্তরণ থাকলে , তা উপকূলের দিকে আসার কথা ছিল। „ সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স -এ কনফ্লিক্ট অ্যান্ড এনভায়রনমেন্ট অবজারভেটরি নামক একটি এনজিওর করা পোস্টের সমালোচনা করছিলেন তিনি। এই সংস্থাটি দাবি করেছিল, "একটি অজ্ঞাত উৎস থেকে তৈরি তেলের আস্তরণ দক্ষিণ দিকে ছড়িয়ে পড়ছে এবং তা ঠিকমতো নিয়ন্ত্রণ করা হচ্ছে না।„ এদিকে, বুশেহরের প্রতিনিধি জাফর পুরকাবগানি ইরানের পার্লামেন্টে "সমুদ্রে তেল নিঃসরণের„ বিষয়টি অস্বীকার করেছেন। তবে তিনি দাবি করেছেন, "এই দাগগুলো মূলত একটি ইউরোপীয় ট্যাঙ্কার থেকে সমুদ্রে ফেলা বর্জ্য ও তেলের মিশ্রণ , যা পরিবেশের ক্ষতি করছে। „ পারস্য উপসাগরে সামুদ্রিক জরুরি অবস্থায় পারস্পরিক সহায়তা কেন্দ্র মিমাক হলো পারস্য উপসাগরীয় অঞ্চলে তেল এবং অন্যান্য ক্ষতিকর পদার্থের কারণে সৃষ্ট দূষণ মোকাবিলার জন্য একটি প্রধান আঞ্চলিক সংস্থা। সদস্য দেশগুলোর মধ্যে সমন্বয় সাধনে এই সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তথ্য আদান -প্রদান এবং দ্রুত সাড়া প্রদান ব্যবস্থার মাধ্যমে এই সংস্থাটি পরিবেশগত সংকট মোকাবিলায় আঞ্চলিক দেশগুলোর প্রস্তুতি আরও জোরদার করে।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

লেবার পার্টির বামপন্থী এমপিদের প্রধানমন্ত্রীর প্রতি হতাশা প্রকাশ

যুক্তরাজ্যের লেবার পার্টির বামপন্থী এমপিরা প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমারের ওপর হতাশা প্রকাশ করেছেন, তবে ক্যাথরিন ওয়েস্টকে সমর্থন দেওয়ার বিষয়ে এখনো মুখ খোলেননি। নরউইচ সাউথের লেবার এমপি ক্লাইভ লুইস বিবিসিকে বলেন, স্টারমারের উচিত, তার পদত্যাগের সময়সীমা নির্ধারণ করা। তার মতে, স্টারমার "বাস্তবতা থেকে পুরোপুরি বিচ্ছিন্ন।„ রাজনীতি বিষয়ক বিবিসির অনুষ্ঠান ইস্ট প্রোগ্রামে লুইস আরো জানান , ক্যাথরিন ওয়েস্ট যদি নেতৃত্ব দখলের লড়াইয়ে নামেনও, তাও তিনি তাকে সমর্থন করবেন না। "রিফর্ম পার্টির সরকারকে ঠেকানোর জন্য „ কেবল গ্রেটার ম্যানচেস্টারের মেয়র অ্যান্ডি বার্নহামই লেবার পার্টিকে লড়াই করার সক্ষমতা দিতে পারেন বলেও মনে

করেন লেবার পার্টির এমপি লুইস। লিডস ইস্টের লেবার এমপি রিচার্ড বারগনও ক্লাইভ লুইসের বক্তব্যের সাথে একমত পোষণ করেছেন, তবে তিনিও বার্নহাম বা ক্যাথরিন ওয়েস্ট কাউকেই সমর্থন দেননি। সামাজিক মাধ্যমে এক পোস্টে বারগন লিখেছেন, ওয়েস্টের এই নেতৃত্ব দখলের চেষ্টা হবে অনেকটা "ক্যাবিনেট বা রাজকীয় অভ্যুত্থানের মতো,„ যা সাধারণ মানুষের কাছে "ইতিবাচক কোনো পরিবর্তন„ হিসেবে গণ্য হবে না। অন্যদিকে, হেইস অ্যান্ড হার্লিংটনের লেবার এমপি জন ম্যাকডোনেল বলেন, ক্যাথরিন ওয়েস্ট "তার নির্বাচনি এলাকার মানুষের ক্ষোভেরই প্রতিফলন ঘটাচ্ছেন„ তবে নেতৃত্ব পরিবর্তনের ক্ষেত্রে ওয়েস্টের এই "পদ্ধতিটি সঠিক না„ বলে মনে করেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

ইরানের জবাব পাওয়ার পর তা আমেরিকার কাছে পাঠানো হয়েছে: পাকিস্তান

যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের দেওয়া প্রস্তাবের বিপরীতে ইরানের জবাব পাকিস্তান হাতে পেয়েছে এবং সেটি যুক্তরাষ্ট্রের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছে পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়। এমন এক সময়ে এই খবরটি এলো, যখন পাকিস্তান, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার আলোচনায় মধ্যস্থতাকারী হিসেবে কাজ করছে এবং দুই দেশের মধ্যে বার্তা আদান-প্রদানের দায়িত্ব পালন করছে। এক ঘণ্টা আগে ইরান জানিয়েছিল, তারা যুক্তরাষ্ট্রের প্রস্তাবের বিপরীতে তাদের জবাব পাকিস্তানি কর্মকর্তাদের কাছে পাঠিয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ এলিনা)

রেডিও তেহরান

পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীর বৈঠক ঘিরে কূটনৈতিক অঙ্গনে নতুন আলোচনা

বাংলাদেশ সফররত পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদের বৈঠককে কেন্দ্র করে দক্ষিণ এশিয়ার কূটনৈতিক অঙ্গনে নতুন আলোচনা শুরু হয়েছে। রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে অনুষ্ঠিত এই বৈঠকে আঞ্চলিক নিরাপত্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সক্ষমতা বৃদ্ধি, মানব পাচার প্রতিরোধ, গোয়েন্দা তথ্য বিনিময়, সাইবার অপরাধ দমন, সন্ত্রাসবাদ মোকাবিলা এবং বিচারিক সহযোগিতাসহ নানা বিষয়ে আলোচনা হয়। তবে, বৈঠকের আনুষ্ঠানিক বিবৃতির বাইরে রাজনৈতিক বিশ্লেষকদের নজর বেশি আটকে আছে এই সফরের ভূ-রাজনৈতিক তাৎপর্যের দিকে। কারণ দীর্ঘদিনের দূরত্ব কাটিয়ে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে যখন নিরাপত্তা সহযোগিতার মতো স্পর্শকাতর বিষয়ে আলোচনা শুরু হয়, তখন সেটিকে শুধু কূটনৈতিক সৌজন্য হিসেবে দেখার কোনো সুযোগ থাকে না। বরং এটি দক্ষিণের এশিয়ার পরিবর্তিত শক্তির ভারসাম্য এবং বাংলাদেশের পররাষ্ট্রনীতির সম্ভাব্য পরিবর্তনের ইঙ্গিত হিসেবেও বিবেচিত হচ্ছে। বিশ্লেষকদের একটি বড়ো অংশ মনে করছেন, বর্তমান বিএনপি নেতৃত্বাধীন সরকার ধীরে ধীরে ভারতকেন্দ্রিক অবস্থান থেকে সরে এসে চীন, পাকিস্তানের দিকে ঝুঁকছে। যদিও সরকারিভাবে এমন কোনো অবস্থান স্বীকার করা হয়নি। কিন্তু সাম্প্রতিক সময়ে সংগঠিত কয়েকটি ঘটনা এবং কূটনৈতিক তৎপরতা এই ধারণাকে শক্তিশালী করেছে। বিশেষ করে, পাকিস্তানের সঙ্গে উচ্চ পর্যায়ের যোগাযোগ বৃদ্ধি, চীনের সহায়তায় তিস্তা প্রকল্পের বাস্তবায়নের আলোচনা, অর্থনৈতিক সংকট মোকাবিলায় বেইজিং-এর উপর বাড়তি নির্ভরতার সম্ভাবনা এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ-এর সঙ্গে জটিল সম্পর্ক। সবকিছু মিলিয়ে বাংলাদেশের কৌশলগত অবস্থান পরিবর্তনের আভাস দেখছেন পর্যবেক্ষকরা।

স্বাধীনতার পর কয়েক দশক ধরে দুই দেশের সম্পর্ক সীমিত পর্যায়ে থাকলেও, সাম্প্রতিক বছরগুলোতে কিছুটা পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। রাজনৈতিক বাস্তবতা, অর্থনৈতিক প্রয়োজন এবং আঞ্চলিক ভূ-রাজনীতির পরিবর্তনের কারণে বাংলাদেশ এখন বহুমুখী কূটনৈতিক সম্পর্ক গড়ে তোলার দিকে মনোযোগ দিচ্ছে বলে ধারণা করা হচ্ছে। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর সফরে সবচেয়ে বেশি গুরুত্ব পেয়েছে নিরাপত্তা সহযোগিতা। বৈঠকে দুই দেশের আইন প্রয়োগকারী সংস্থার মধ্যে সমন্বয় বাড়ানো, গোয়েন্দা তথ্য বিনিময় জোরদার করা এবং এবং আন্তঃসীমান্ত অপরাধ দমনে যৌথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে, মানবপাচার, মাদক চোরাচালান, সাইবার অপরাধ এবং সন্ত্রাসবাদ মোকাবিলায় যৌথ উদ্যোগের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। দক্ষিণ এশিয়ায় বর্তমানে এই ধরনের অপরাধ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। আফগানিস্তানে তালেবান ক্ষমতায় আসার পর গোটা অঞ্চলে নিরাপত্তা উদ্বেগ বেড়ে গেছে। পাকিস্তান দীর্ঘদিন ধরেই জঙ্গিবাদ এবং বিচ্ছিন্নতাবাদী সহিংসতার মুখোমুখি। অন্যদিকে, বাংলাদেশ ও অনলাইন উগ্রবাদ, আন্তর্জাতিক অপরাধচক্র এবং সাইবার অপরাধ নিয়ে উদ্বেগ বাড়ছে। ফলে দুই দেশের মধ্যে নিরাপত্তা সহযোগিতা বাস্তব প্রয়োজন হিসেবেও দেখা হচ্ছে। তবে, এই সহযোগিতার রাজনৈতিক তাৎপর্য আরো গভীর। কারণ পাকিস্তান দক্ষিণ এশিয়ায় চীনের সবচেয়ে ঘনিষ্ঠ কৌশলগত মিত্র। চীন, পাকিস্তান অর্থনৈতিক করিডোর বা সিপিইসি বর্তমানে বেইজিং-এর বৈশ্বিক বেল্ট এবং অ্যান্ড রোড ইনিশিয়েটিভ-এর অন্যতম প্রধান প্রকল্প। পাকিস্তানের অবকাঠামো, প্রতিরক্ষা, জ্বালানি এবং নিরাপত্তা খাতে চীনের বড়ো ধরনের প্রভাব রয়েছে। এখন বাংলাদেশ যদি পাকিস্তানের সঙ্গে নিরাপত্তা ও কৌশলগত সম্পর্ক ঘনিষ্ঠ করে, তাহলে সেটি কার্যত চীনের বৃহত্তর আঞ্চলিক কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়ে ওঠে। বিশ্লেষকরা মনে করছেন, বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিও এই পরিবর্তনের

পেছনেও বড়ো কারণ হিসেবে কাজ করছে। গত কয়েক বছরে বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে যাওয়া , ডলার সংকট, আমদানি ব্যয় বৃদ্ধি এবং বৈশ্বিক অর্থনৈতিক অস্থিরতার কারণে সরকার বড়ো ধরনের চাপে রয়েছে।

আইএমএফ-এর সঙ্গে ঋণ নিয়ে আলোচনা হলেও , বিভিন্ন শর্তে এবং সংস্কার প্রস্তাবের কারণে বিষয়টি জটিল হয়ে উঠেছে। এমন পরিস্থিতিতে সরকার বিকল্প অর্থনৈতিক অংশীদার খুঁজছে বলে ধারণা করা হচ্ছে। আর সেই জায়গায় চীনই সবচেয়ে বড়ো সম্ভাব্য শক্তি হিসেবে আবির্ভূত হয়েছে। বাংলাদেশে গত এক দশকের চীনের বিনিয়োগ উল্লেখযোগ্য হারে বেড়েছে। অবকাঠামো উন্নয়ন , বিদ্যুৎ প্রকল্প, সড়ক, রেল, ও বন্দর নির্মাণে চীনের অংশগ্রহণ ক্রমশ বাড়ছে। এখন তিস্তা নদী খনন ও ব্যবস্থাপনা প্রকল্পে চীনের সম্ভাব্য সম্পৃক্ততা নতুন করে ভূ-রাজনৈতিক গুরুত্ব তৈরি করেছে। সম্প্রতি বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর পক্ষ থেকে চীনের সহায়তায় তিস্তা প্রকল্প বাস্তবায়নের আহ্বানকে অনেকেই কেবল উন্নয়ন প্রকল্প হিসেবেই দেখছেন না বরং এটিকে ভারতের প্রতি কূটনৈতিক বার্তা হিসেবেও বিবেচনা করছেন। তিস্তা ইস্যু দীর্ঘদিন ধরে বাংলাদেশ ভারতের সম্পর্কের একটি স্পর্শকাতর বিষয়। বাংলাদেশে বহু বছর ধরে তিস্তার পানি বণ্টন চুক্তি চাইলেও, পশ্চিমবঙ্গের আপত্তির কারণে ভারত এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেনি। এতে বাংলাদেশের উত্তরাঞ্চলে কৃষি ও পানির সংকট নিয়ে অসন্তোষ রয়েছে। এই বাস্তবতায় চীন যদি তিস্তা প্রকল্পে বড়ো আকারের বিনিয়োগ করে, তাহলে সেটি ভারতের জন্য কৌশলগত উদ্‌বেগের কারণ হতে পারে। কারণ ভারত দীর্ঘদিন ধরেই তার প্রতিবেশী দেশগুলোতে চীনের প্রভাব বৃদ্ধিকে নিরাপত্তার ঝুঁকি হিসেবে দেখে আসছে। শ্রীলঙ্কার হাম্বানটোটা বন্দর, পাকিস্তানের সিপিইসি , নেপালের চীনা বিনিয়োগ এবং মালদ্বীপে বেইজিং -এর সক্রিয় উপস্থিতি ইতোমধ্যে ভারতের উদ্বেগ বাড়িয়ে দিয়েছে। এখন বাংলাদেশও যদি চীনের দিকে আরো বেশি ঝুঁকে পড়ে , তাহলে দক্ষিণ এশিয়ার শক্তির ভারসাম্যে নতুন পরিবর্তন আসতে পারে। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর সফর, ভারতের সেই শঙ্কাকে আরো বেশি জোরালো বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

বৈঠকে ফৌজদারি অপরাধ তদন্তে দ্রুত তথ্য ও সাক্ষ্য বিনিময়ের জন্য মিউচুয়াল লিগ্যাল অ্যাসিস্ট্যান্টস অ্যান্ড ক্রিমিনাল ম্যাটারস বা এমএলএআর চুক্তির গুরুত্ব তুলে ধরা হয়। আন্তঃসীমান্ত অপরাধ দমন এবং অপরাধীদের প্রত্যর্পণের জন্য এই ধরনের চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে রাজনৈতিক বিশ্লেষকদের মতে , এ ধরনের বিচারিক এবং নিরাপত্তা সহযোগিতা কেবল আইনি কাঠামো নয় বরং এর সঙ্গে রাষ্ট্রীয় আস্থা এবং কৌশলগত সমন্বয়ের বিষয়ও জড়িত থাকে। ফলে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে এ ধরনের আলোচনাকে ভবিষ্যতে আরও গভীর সম্পর্কের ইঙ্গিত হিসেবেই দেখা হচ্ছে। সাইবার অপরাধ ও সংগঠিত অপরাধ দমনে নিরাপদ যোগাযোগ ব্যবস্থা তৈরির উপর দুই দেশের গুরুত্বারোপও বিশেষভাবে আলোচিত হয়েছে। আধুনিক বিশ্বে সাইবার নিরাপত্তা কেবল প্রযুক্তিগত বিষয় নয় , এটি এখন জাতীয় নিরাপত্তা এবং কৌশলগত প্রতিযোগিতার অন্যতম গুরুত্বপূর্ণ ক্ষেত্র। ভারত , চীন এবং পাকিস্তানের মধ্যে সাইবার প্রতিযোগিতা বহুদিন ধরেই আন্তর্জাতিকভাবে আলোচিত। ফলে বাংলাদেশের সঙ্গে পাকিস্তানের এই ধরনের সহযোগিতা ভারত কীভাবে দেখবে, তা নিয়েও কূটনৈতিক মহলে আলোচনা শুরু হয়েছে।

রোহিঙ্গা সংকটের বিষয়টিও বৈঠকে গুরুত্বের সঙ্গে উঠে আসে। বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গাদের নিরাপদ , স্বেচ্ছায় এবং মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের জন্য আন্তর্জাতিক সমর্থন বৃদ্ধির আহ্বান জানান। এ সময় পাকিস্তান মিয়ানমারের সঙ্গে গঠনমূলক, আন্তর্জাতিক সম্পৃক্ততায় ভূমিকা রাখতে পারে বলেও আলোচনা হয়। বিশ্লেষকরা মনে করছেন , বাংলাদেশ মুসলিম বিশ্বের একটি প্রভাবশালী দেশ হিসেবে পাকিস্তানের কূটনৈতিক সমর্থনকে কাজে লাগাতে চাইছে। তবে রোহিঙ্গার সংকটের বাস্তবতা অত্যন্ত জটিল। মিয়ানমারের সামরিক জান্তা এখনো প্রত্যাবাসনের জন্য কার্যকর পরিবেশ তৈরি করেনি। অন্যদিকে , চীন মিয়ানমারের অন্যতম ঘনিষ্ঠ মিত্র হওয়ায় বেইজিং -এর ভূমিকা ছাড়া বড়ো কোনো অগ্রগতি সম্ভব নয় বলেও মনে করা হয়। ফলে বাংলাদেশ যদি চীন, পাকিস্তানের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলে , তাহলে রোহিঙ্গা সংকট সমাধানের নতুন কূটনৈতিক সুযোগ তৈরি হতে পারে, এমন আশাও করছেন কেউ কেউ। তবে বাংলাদেশের জন্য এই কৌশল ঝুঁকিমুক্ত নয়। কারণ ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক কেবল রাজনৈতিক নয় বরং অর্থনৈতিক ও ভৌগোলিক বাস্তবতার সঙ্গে ও গভীরভাবে জড়িত। দুই দেশের মধ্যে চার হাজার কিলোমিটারেরও বেশি সীমান্ত রয়েছে। ভারত বাংলাদেশের অন্যতম বৃহৎ বাণিজ্য অংশীদার। বাংলাদেশ ভারতের কাছ থেকে বিদ্যুৎ আমদানি করছে, ট্রানজিট সুবিধা ব্যবহার করছে এবং আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ফলে বাংলাদেশ যদি প্রকাশ্য ভারতবিরোধী কৌশলগত অবস্থানে যায় , তাহলে সেটি অর্থনৈতিক ও কূটনৈতিক চাপ সৃষ্টি করতে পারে।

ভারতের নিরাপত্তা মহলে দীর্ঘদিন ধরে বিএনপিকে তুলনামূলকভাবে পাকিস্তান ও চীন ঘনিষ্ঠ রাজনৈতিক শক্তি হিসেবে দেখা হয়। ফলে বর্তমান সরকারের সময় পাকিস্তানের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ দিল্লির উদ্বেগ বাড়াতে পারে। বিশেষ করে গোয়েন্দা সহযোগিতা, নিরাপত্তা সমন্বয় এবং সাইবার যোগাযোগের মতো ইস্যু ভারতকে আরো সতর্ক অবস্থানে নিতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা। বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতেও এই বিষয় নিয়ে ভিন্ন মত রয়েছে। একটি অংশ মনে করে , আন্তর্জাতিক রাজনীতিতে স্থায়ী শত্রুতা বলে কিছু নেই। রাষ্ট্রীয় স্বার্থই সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

তাদের মতে, চীন পাকিস্তানের সাথে সম্পর্ক উন্নয়ন বাংলাদেশে র অর্থনৈতিক সুযোগ বাড়াতে পারে এবং আঞ্চলিক কৌশলগত ভারসাম্য রক্ষায় সহায়ক হতে পারে। তারা আরো মনে করেন , ভারতকে নির্ভরতার একমাত্র কেন্দ্র হিসেবে রাখলে বাংলাদেশের কৌশলগত বিকল্প কমে যায়।

আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষকদের মতে , বাংলাদেশের বর্তমান পররাষ্ট্র নীতি মূলত ভারসাম্য রক্ষার কৌশলের দিকেই এগোচ্ছে। সরকার হয়ত একদিকে ভারতের সঙ্গে সম্পর্ক পুরোপুরি নষ্ট করতে চাইছে না। অন্যদিকে চীন ও পাকিস্তানের সঙ্গে সম্পর্ক জোরদার করে বিকল্প অর্থনৈতিক ও কৌশলগত সুযোগ তৈরি করতে চাইছে। কিন্তু বাস্তবতা হলো, দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতি এখন আগের যে -কোনো সময়ের তুলনায় বেশি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ। চীন ভারত প্রতিযোগিতা, যুক্তরাষ্ট্রের ইন্দো-প্যাসিফিক কৌশল এবং মুসলিম বিশ্বের নতুন কূটনৈতিক সমীকরণ ছোটো দেশগুলোর জন্য ভারসাম্য রক্ষা করা কঠিন করে তুলেছে। বিশেষ করে , যুক্তরাষ্ট্র চীন বৈশ্বিক প্রতিদ্বন্দ্বিতা এখন দক্ষিণ এশিয়ার রাজনীতিকেও এখন গভীরভাবে প্রভাবিত করছে। যুক্তরাষ্ট্র ভারতকে তার প্রধান আঞ্চলিক অংশীদার হিসেবে গড়ে তুলছে। অন্যদিকে চীন অর্থনৈতিক বিনিয়োগ এবং অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দক্ষিণ এশিয়ায় তার প্রভাব বাড়াচ্ছে। পাকিস্তান সেখানে চীনের ঘনিষ্ঠ মিত্র হিসেবে কাজ করছে। এখন বাংলাদেশ যদি এই অক্ষের দিকে আরও এগোয়, তাহলে সেটি পুরো অঞ্চলের কৌশলগত ভারসাম্যে নতুন প্রভাব ফেলতে পারে। সব মিলিয়ে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর এই সময় একটি আনুষ্ঠানিক কূটনৈতিক বৈঠক নয় বলে ই মনে করছেন বাংলাদেশের পর্যটকরা। এটি বাংলাদেশের পরিবর্তিত পররাষ্ট্রনীতি , অর্থনৈতিক বাস্তবতা এবং দক্ষিণ এশিয়ার নতুন ভূ -রাজনৈতিক সমীকরণের প্রতিফলন। নিরাপত্তা সহযোগিতা, গোয়েন্দা তথ্য বিনিময়, তিস্তা প্রকল্প, রোহিঙ্গা সংকট এবং চীনের অর্থনৈতিক সহায়তা সবকিছু মিলিয়ে এই সফর ভবিষ্যতে আঞ্চলিক রাজনীতিতে বড়ো প্রভাব ফেলতে পারে। এখন দেখার বিষয় হলো , বাংলাদেশ কীভাবে ভারত, চীন, পাকিস্তান এবং পশ্চিমা বিশ্বের মধ্যে কৌশলগত ভারসাম্য বজায় রে খে নিজের জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেয়। কারণ বর্তমান বি শ্বে কূটনীতি আর শুধু দ্বিপাক্ষিক সম্পর্কের মধ্যে সীমাবদ্ধ নয় বরং প্রতিটি পদক্ষেপ বৃহত্তর আঞ্চলিক ও বৈশ্বিক শক্তির প্রতিযোগিতার সঙ্গে গভীরভাবে সম্পর্কিত।

(রেডিও তেহরান: ২০৩০ ঘ, ১০.০৫.২০২৬ রুবাইয়া)

এনএইচকে

যুদ্ধবিরতির মার্কিন প্রস্তাবে ইরানের কাছ থেকে'খুব শীঘ্রই' সাড়া পাওয়ার প্রত্যাশা ট্রাম্পের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আবারও আশা প্রকাশ করেছেন যে , সংঘাত বন্ধের জন্য যুক্তরাষ্ট্রের দে ওয়া সর্বশেষ প্রস্তাবের বিষয়ে শীঘ্রই প্রতিক্রিয়া জানাবে ইরান। তবে, দুই দেশের মধ্যে আলোচনার সম্ভাবনা এখনও অনিশ্চিত। শনিবার ফরাসি টেলিভিশনকে দে ওয়া এক টেলিফোন সাক্ষাৎকারে ট্রাম্প বলেন , ইরানিরা যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি চুক্তি করতে খুবই আগ্রহী। তিনি আরও বলেন , "আমরা খুব শীঘ্রই তা জানতে পারব। „ ট্রাম্প এর আগে বলেছিলেন, তিনি শুক্রবার রাতের মধ্যেই ইরানের কাছ থেকে একটি চিঠি পাওয়ার আশা করছেন। তবে , ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই শুক্রবার বলেছেন , "আমরা আমাদের নিজেদের কাজ করছি এবং কোনো সময়সীমা বা চরমপত্র নিয়ে আমরা চিন্তিত নই। „ মার্কিন কেন্দ্রীয় কমা ন্ড শুক্রবার ঘোষণা করে যে , ইরানের বন্দরগুলোতে জাহাজ প্রবেশ ও প্রস্থানের ওপর আরোপিত অবরোধের অংশ হিসেবে তাদের বাহিনী ওমান উপসাগরে দুটি ইরানি পতাকাবাহী ট্যাংকারে হামলা চালিয়ে সেগুলোকে অচল করে দিয়েছে। ইরানি পক্ষ জানিয়েছে , তাদের নৌবাহিনী এই বৈরী পদক্ষেপের বি রুদ্ধে পাল্টা প্রতিরোধ গড়ে তুলেছে। এদিকে , শুক্রবার একাধিক মার্কিন সংবাদমাধ্যম জানিয়েছে যে , ইরানের বৃহত্তম তেল পরিবহণ ঘাঁটি খার্গ দ্বীপের কাছে বড়ো আকারের তেল ছড়িয়ে পড়ার ঘটনা শনাক্ত করা হয়েছে। অ্যাসোসিয়েটেড প্রেস জানিয়েছে, একজন বিশেষজ্ঞের করা স্যাটেলাইট চিত্রের বিশ্লেষণ থেকে ইঙ্গিত পাওয়া গেছে যে , শুক্রবার পর্যন্ত প্রায় ৮০ হাজার ব্যারেল তেল ইতোমধ্যেই ছড়িয়ে পড়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, এই তেল নিঃসরণ কোনো যান্ত্রিক ত্রুটি, বিমান হামলা নাকি অন্য কোনো কারণে ঘটেছে , তা জানা যায়নি। বিশেষজ্ঞকে উদ্ধৃত করে বলা হয়েছে, যেহেতু এলাকাটি একটি সক্রিয় যুদ্ধক্ষেত্র , তাই কোনো ধরনের পরিষ্কার -পরিচ্ছন্নতার প্রচেষ্টা সফল হওয়ার সম্ভাবনা কম। এতে ব্যাপক পরিবেশগত ক্ষতির আশঙ্কা তৈরি হয়েছে।

(এনএইচকে ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ রুবাইয়া)

ডয়চে ভেলে

মব কালচার মোকাবিলায় নতুন আইন বা সংশোধন প্রয়োজন : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, প্রচলিত আইন দিয়ে `মব, পুরোপুরি মোকাবিলা সম্ভব হচ্ছে না। এ লক্ষ্যে আইন সংশোধন বা নতুন করে আইন করা প্রয়োজন হতে পারে বলে জানিয়েছেন তিনি। পুলিশ সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে রোববার এক অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে তিনি `মব কালচার, প্রসঙ্গ তুলে ধরেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "এ বিষয়ে আমরা আগেই বলেছি। প্রচলিত আইনের আওতায় যতটুকু সম্ভব, আমরা ব্যবস্থা নিচ্ছি। তবে এ বিষয়ে আইনি

সংস্কার বা সংশোধনের প্রয়োজন হলে, সেটিও করা হবে। আমি আজ এখানে স্বরাষ্ট্রসচিব ও আইজিপিকে অনুরোধ করেছি, বিষয়টি যেন আবার আমাকে স্মরণ করিয়ে দেওয়া হয়।„ বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের সময়ে বিভিন্ন স্থানে সংঘবদ্ধভাবে হামলা, হত্যার অনেক ঘটনা ঘটেছে। নতুন সরকার দায়িত্ব গ্রহণের পরও, এ ধরনের মব সহিংসতা বন্ধ হয়নি। এই বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বিদ্যমান আইনের দুর্বলতা তুলে ধরে বলেন, ”কারণ মব কালচার আলাদাভাবে মোকাবিলায় নতুন আইন বা সংশোধনের প্রয়োজন হতে পারে। প্রচলিত আইন দিয়ে পুরোপুরি এটি মোকাবিলা করা সম্ভব হচ্ছে না।„(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ রনি)

পাকিস্তানে চেকপোস্টে গাড়িবোমা হামলা, নিহত ১৫

পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় বান্নু এলাকায় একটি পুলিশি চেকপোস্টে গাড়িবোমা হামলা চালানো হয়েছে। শনিবার শেষ রাতের দিকে বিস্ফোরণের পর হামলাকারীরা পুলিশকে লক্ষ্য করে গুলিও চালিয়েছে। এই ঘটনায় অন্তত ১২ জন পুলিশ সদস্য নিহত হয়েছেন। মোট ১৫ জনের মৃত্যুর সংবাদ পাওয়া গেছে। রোববার কর্তৃপক্ষ জানিয়েছে, জঙ্গিরা এই হামলা চালিয়েছে। ঘটনাস্থলের ছবিতে দেখা গেছে, চেকপোস্টটি ধ্বংসস্তূপে রূপ নিয়েছে। আশেপাশে ইট, পোড়া ধ্বংসাবশেষ আর বিকৃত হয়ে যাওয়া গাড়িটির নানা অংশ ছড়িয়ে ছিল। বান্নু পুলিশের কর্মকর্তা মুহাম্মদ সাজ্জাদ খান বলেন, ”গতরাতে ফাতেহ খেল এলাকায় আত্মঘাতী হামলাকারীরা বিস্ফোরক বোঝাই একটি গাড়ি পুলিশ চেকপোস্টে ঢুকিয়ে দেয়। এরপর একাধিক জঙ্গি ভেতরে ঢুকে পড়ে।„ তিনি আরো জানান, এই ঘটনায় ১২ জন পুলিশ সদস্য নিহত হয়েছেন এবং একজন নিখোঁজ রয়েছেন। এই হামলাটিকে সীমান্তবর্তী খাইবার পাখতুনখোয়া প্রদেশে সাম্প্রতিক জঙ্গি তৎপরতার অংশ হিসেবে দেখা হচ্ছে, যা ইসলামাবাদ ও কাবুলের দ্বিপাক্ষিক সম্পর্কে উত্তেজনা বাড়াচ্ছে। আফগান সীমান্তবর্তী বান্নু এলাকায় দীর্ঘদিন ধরেই জঙ্গি তৎপরতা লক্ষ্য করা যাচ্ছে। এজন্য আফগানিস্তানের তালেবান সরকারকে দায়ী করে আসছে পাকিস্তান। কিন্তু জঙ্গি গোষ্ঠীগুলোকে আশ্রয় দেওয়ার অভিযোগটি বরাবরই অস্বীকার করেছে কাবুল।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ রনি)

নিষেধাজ্ঞার পক্ষে থাকা দেশের জাহাজ হরমুজ প্রণালি পার হতে সমস্যায় পড়বে : ইরান

ইরানের ওপর নিষেধাজ্ঞা আরোপে যুক্তরাষ্ট্রের পক্ষে অবস্থান নেওয়া দেশগুলোর জাহাজ হরমুজ প্রণালি দিয়ে চলাচলে `সমস্যায়, পড়বে বলে জানিয়েছে ইরান। ইরানি সেনাবাহিনীর মুখপাত্র মোহাম্মদ আক্রামিনিয়া দেশটির সরকারি সংবাদ সংস্থা আইআরএনএ-কে বলেন, হরমুজ প্রণালিতে দেশটি একটি `নতুন আইনগত ও নিরাপত্তা ব্যবস্থা, চালু করেছে। এর ফলে প্রণালিটি অতিক্রম করতে হলে যে-কোনো জাহাজকে ইরানের সঙ্গে সমন্বয় করে চলাচল করতে হবে। আক্রামিনিয়া জানান, এই ব্যবস্থা `এখন কার্যকর রয়েছে,, যা ইরানের জন্য অর্থনৈতিক, নিরাপত্তাগত ও রাজনৈতিক সুফল বয়ে আনবে। তবে, জাতিসংঘে যুক্তরাষ্ট্র ও বাহরাইনের করা একটি খসড়া প্রস্তাবে ইরানকে হরমুজ প্রণালি দিয়ে যাতায়াতকারী জাহাজগুলোর ওপর সব ধরনের বিধি-নিষেধ বন্ধের আহ্বান জানানো হয়েছে। এদিকে, রোববার কুয়েতের সামরিক বাহিনী জানিয়েছে, রাতভর দেশটিতে বেশ কয়েকটি ড্রোন হামলা চালানো হয়েছে। তবে সেগুলোর উৎস কী, সে বিষয়ে তারা কিছু উল্লেখ করেনি। অন্যদিকে, সংযুক্ত আরব আমিরাত জানিয়েছে, তারা ইরানের দুটি ড্রোন হামলা প্রতিহত করেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ রনি)

যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের প্রস্তাবে ইরানের উত্তর

যুদ্ধ অবসানের লক্ষ্যে যুক্তরাষ্ট্র যে প্রস্তাব দিয়েছে, ইরান তার জবাব পাঠিয়েছে বলে জানিয়েছে দেশটির সরকারি সংবাদ সংস্থা আইআরএনএ। তাদের তথ্য অনুযায়ী, প্রস্তাবিত পরিকল্পনার মূল লক্ষ্য হলো- বিদ্যমান অবস্থায় যুদ্ধের অবসান ঘটনো। এছাড়া, আরেক সংবাদ সংস্থা আইএসএনএ জানিয়েছে, এতে হরমুজ প্রণালি ও পারস্য উপসাগরে সামুদ্রিক যান চলাচলের নিরাপত্তার বিষয়টিও উল্লেখ করা হয়েছে। এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র বা মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান এ নিয়ে কোনো মন্তব্য করেনি।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৫.২০২৬ রনি)

জাগো নিউজ

পুলিশ যেন আর ফ্যাসিবাদ-স্বৈরাচারের হাতিয়ার না হয়: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , ”বাংলাদেশে আর কোনো ফ্যাসিবাদ -স্বৈরাচার যেন পুলিশ সদস্যদের দেশ এবং জনগণের স্বাধীনতার বিরুদ্ধে ব্যবহার করতে সক্ষম না হয়। স্বাধীনতার প্রথম প্রহরেই পুলিশের রক্তে রঞ্জিত এই মাটিতে দাঁড়িয়ে- আসুন, আজ আমরা আবারও নতুন শপথে অঙ্গীকারবদ্ধ হই।„ রোববার (১০ মে) সকালে রাজারবাগ পুলিশ লাইন্সে আয়োজিত `পুলিশ সপ্তাহ-২০২৬, উপলক্ষ্যে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ”এই সেই ঐতিহাসিক রাজারবাগ পুলিশ লাইন্স , ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে যেখানে ঘুমন্ত পুলিশ সদস্যদের ওপর হানাদার বাহিনী অপারেশন সার্চলাইটের নামে বর্বর হামলা চালিয়ে শত শত পুলিশ সদস্যকে হত্যা করেছিল। আমি আজকের অনুষ্ঠানে প্রথমেই বাংলাদেশের মুক্তিযুদ্ধে পুলিশ বাহিনীর শহিদ সব সদস্যকে শ্রদ্ধাভরে স্মরণ করছি। „ শুধু স্মরণের মধ্যদিয়েই আপনাদের, আমাদের দায়িত্ব শেষ হয়ে যায় না উল্লেখ করে তিনি বলেন , ”বাংলাদেশের

স্বাধীনতা অর্জনের জন্য যে-সব শহিদ পুলিশ সদস্য আত্মত্যাগ করেছিলেন, যে-কোনো মূল্যে সেই স্বাধীনতা রক্ষা করা আমাদের পবিত্র দায়িত্ব। এই বাংলাদেশে আর কোনো ফ্যাসিবাদ -স্বৈরাচার যেন পুলিশ সদস্যদের দেশ এবং জনগণের স্বাধীনতার বিরুদ্ধে ব্যবহার করতে সক্ষম না হয়। স্বাধীনতার প্রথম প্রহরেই পুলিশের রক্তে রঞ্জিত এই মাটিতে দাঁড়িয়ে - আসুন, আজ আমরা আবারও নতুন শপথে অঙ্গীকারবদ্ধ হই।„ (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

আমার বক্তব্য স্পষ্ট, পুলিশ কোনো দলের নয় : প্রধানমন্ত্রী

পুলিশ প্রশাসন কোনো দলের নয়, বিধিবদ্ধ আইন অনুযায়ী পুলিশ প্রশাসন পরিচালিত হবে বলে স্পষ্ট ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পুলিশকে উদ্দেশ্যে বলে তিনি বলেন, কোনো নিরপরাধ মানুষ যেন হয়রানির শিকার না হয়, তা নিশ্চিত করা অবশ্যই আপনাদের দায়িত্ব। রোববার (১০ মে) `পুলিশ সপ্তাহ ২০২৬, উপলক্ষ্যে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্স মিলনায়তনে আয়োজিত পুলিশের কল্যাণ প্যারেডে এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন , আপনারা (পুলিশ সদস্য) কেবল আইন প্রয়োগকারী বাহিনীর সদস্য নন, আপনারাই হচ্ছেন রাষ্ট্রে আইন-শৃঙ্খলা রক্ষা, জনগণের নিরাপত্তার নিশ্চয়তা এবং ন্যায়বিচার প্রদানের প্রথম দ্বার। সুতরাং , পুলিশ যদি জনগণের কাছে বিশ্বাস এবং নিরাপত্তার প্রতীক হয়ে উঠতে পারে , একজন নাগরিক হিসেবে আমি মনে করি , সেখানেই পুলিশের সাফল্য। পুলিশের সাফল্য মানে, এটি সরকারেরও সাফল্য। তিনি বলেন, আমরা থানাগুলোর পরিবেশ এমনভাবে করতে চাই , যেন একজন মানুষ কোনো মাধ্যম ছাড়াই সরাসরি থানায় গিয়ে নির্ভয়ে তার অভিযোগ জানাতে পারেন। একইসঙ্গে প্রতিকারও পেতে পারেন। তারেক রহমান বলেন , বর্তমান বিশ্বে প্রযুক্তিগত দক্ষতাসম্পন্ন একটি সুদক্ষ আধুনিক মানবিক পুলিশ বাহিনী ছাড়া জনগণের কাঙ্ক্ষিত সেবা নিশ্চিত করা কঠিন। এই কঠিন কাজটিই বর্তমান গণতান্ত্রিক সরকার শুরু করেছে। সুতরাং, সাধ্য সামর্থ্যের সবটুকু দিয়েই সরকার আপনাদের (পুলিশের) চাওয়া-পাওয়াগুলো অবশ্য ইতিবাচকভাবে বিবেচনা করবে। তিনি আরও বলেন, ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত অবাধ, সুষ্ঠু এবং নিরপেক্ষ নির্বাচনে আপনারা সারা দেশে যথাযথ দায়িত্ব পালন করেছেন। আপনাদের গণতন্ত্রকামী জনগণের পক্ষ থেকে অভিনন্দন জানাই। এর মাধ্যমে প্রমাণ হয়েছে, অবশ্যই পুলিশের পক্ষে নিরপেক্ষ দায়িত্ব পালন সম্ভব। তবে ফ্যাসিবাদী শাসনামলে দেশের জনগণ ভিন্ন চিত্রও দেখেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

জাগো নিউজের যুগপূর্তিতে বিএনপি মহাসচিবের শুভেচ্ছা

দেশের জনপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগো নিউজের একযুগ পূর্তি উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন , দীর্ঘ সময়ের রাজনৈতিক সংকট ও প্রায় ১৭ বছরের ফ্যাসিবাদী শাসনব্যবস্থার মধ্যেও প্রতিষ্ঠানটি সাংবাদিকতা অব্যাহত রেখে একযুগ পার করেছে - এটি জেনে তিনি আনন্দিত। শুভেচ্ছা বার্তায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন , দেশে অনলাইন সংবাদমাধ্যমের ক্ষেত্রে জাগো নিউজ আলাদা অবস্থান তৈরি করেছে। জাগো নিউজের বিভিন্ন গুরুত্বপূর্ণ সংবাদ তিনি মনোযোগ দিয়ে পড়ে থাকেন বলেও উল্লেখ করেন। তিনি আরও বলেন , সংবাদগুলোতে তথ্যসমৃদ্ধ উপস্থাপনার পাশাপাশি বিষয়বস্তুর গভীরতা ফুটে ওঠে। জাগো নিউজের সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারীদের সার্বিক সাফল্য কামনা করেন বিএনপি মহাসচিব। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

গাজীপুরে গরু চোর সন্দেহে তিনজনকে পিটিয়ে হত্যা, ট্রাকে আগুন

গাজীপুরের কালিয়াকৈরে গরু চোর সন্দেহে তিনজনকে পিটিয়ে হত্যা করেছে এলাকাবাসী। এসময় চুরির কাজে ব্যবহৃত একটি ট্রাক পুড়িয়ে দেয় বিক্ষুব্ধ জনতা। রোববার (১০ মে) সকালে কালিয়াকৈর উপজেলার ফুলবাড়ীয়া ইউনিয়নের বাঘচালা গ্রামে এ ঘটনা ঘটে। কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহীদুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে , এলাকায় বেশ কয়েকদিন ধরে গরু চুরির ঘটনা বেড়েছে। রোববার ভোরে একদল চোর ট্রাক নিয়ে গরু চুরি করতে আসে বাগমারা এলাকায়। এসময় এলাকাবাসী এটি জানতে পেরে চারদিক থেকে তাদের ঘিরে ফেলে। বেশ কয়েকজন পালিয়ে গেলেও, তিনজনকে ঘিরে ধরে গণপিটুনি দেয় এলাকাবাসী। এতে ওই তিনজন নিহত হন। এরপর বিক্ষুব্ধ জনতা তাদের নিয়ে আসা ট্রাকটি আগুন দিয়ে পুড়িয়ে দেয়। কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহীদুল ইসলাম বলেন , গরু চোর সন্দেহে তিনজনকে গণপিটুনি দেয় জনতা। এতে ওই তিনজনই মারা গেছে। আরও কয়েকজন চোর ছিল, তারা পালিয়ে গেছে। তাদের নিয়ে আসার ট্রাকটিতে আগুন ধরিয়ে দিয়েছে এলাকাবাসী। নিহতদের নাম-পরিচয় জানার চেষ্টা করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

চিকিৎসা নিতে এসে খোয়া যাচ্ছে টাকা-স্বর্ণালংকার, উদ্‌বিগ্ন রোগীরা

মাগুরার শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী বেশে সক্রিয় হয়ে উঠেছে সংঘবদ্ধ চোরচক্র। হাসপাতালের টিকিট কাউন্টার, বহির্বিভাগ ও ঔষধ সংগ্রহের লাইনে অপেক্ষারত রোগী ও তাদের স্বজনদের কাছ থেকে কৌশলে টাকা , মোবাইল ফোন, স্বর্ণালংকারসহ মূল্যবান সামগ্রী চুরির অভিযোগ উঠেছে। একের পর এক ঘটনায় রোগী ও স্বজনদের

মধ্যে আতঙ্ক বিরাজ করছে। শনিবার (৯ মে) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঘুরে এ তথ্য জানা গেছে। ভুক্তভোগীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে হাসপাতালটিতে এ ধরনের ঘটনা ঘটলেও , চোরচক্রের কাউকে শনাক্ত বা আটক ক রা সম্ভব হয়নি। এতে হাসপাতাল কর্তৃপক্ষও উদ্‌বিগ্ন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

দ্বিতীয় পদ্মা-যমুনা সেতু নির্মাণে এগোচ্ছে সরকার, প্রথম বাজেটেই বরাদ্দ

নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে দ্বিতীয় পদ্মা ও দ্বিতীয় যমুনা সেতু নির্মাণের দিকে এগোচ্ছে সরকার। পরিকল্পনা নিয়ে সম্ভাব্যতা সমীক্ষা শুরু করেছে। এর অংশ হিসেবে ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) প্রকল্প দুটির জন্য অর্থ বরাদ্দ রাখা হয়েছে। পরামর্শক নিয়োগের মাধ্যমে এগিয়ে নেওয়া হচ্ছে প্রাথমিক কাজ। সেতু কর্তৃপক্ষ জানিয়েছে, বিদ্যমান যমুনা সেতু ও দৌলতদিয়া-পাটুরিয়া রুটে চাপ বাড়ায় বিকল্প অবকাঠামো হিসেবে নতুন সেতু নির্মাণ জরুরি হয়ে উঠেছে। পরিকল্পনা অনুযায়ী , সমীক্ষা শেষে রুট , নকশা ও ব্যয়সহ বিস্তারিত প্রস্তাবনা চূড়ান্ত করা হবে। দৌলতদিয়া-পাটুরিয়ায় হবে দ্বিতীয় পদ্মা সেতু , অন্যটি বিদ্যমান যমুনা সেতুর পা শাপাশি কোনো স্থানে। এটি বিএনপি সরকারের প্রথম উন্নয়ন বাজেট। সংশ্লিষ্ট সূত্র জানায় , দ্বিতীয় পদ্মা ও যমুনা সেতু নির্মাণে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে ফ্রান্স, কোরিয়া ও বাংলাদেশের কয়েকটি প্রতিষ্ঠান যৌথভাবে কাজ করছে। তাদের সমীক্ষা শেষ হওয়ার পরই শুরু হবে মূল প্রকল্পের কাজ। পরামর্শক প্রতিষ্ঠানগুলোকে ২০২৭ সালের মধ্যে স্টাডি রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। এই সমীক্ষার মাধ্যমেই সেতু দুটির সম্ভাব্য রুট , অ্যালাইনমেন্ট, দৈর্ঘ্য, প্রস্থ এবং সেতুর ওপর রেলপথের অবস্থান নির্ধারণ করা হবে। এছাড়া , বিদ্যমান যমুনা সেতুর সক্ষমতা আগামী ৫ থেকে ৬ বছরের মধ্যে পূর্ণ হওয়ার আশঙ্কা রয়েছে। এ কারণেই দ্রুত সময়ের মধ্যে দ্বিতীয় যমুনা সেতু নির্মাণে গুরুত্ব দিচ্ছে সরকার।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

আহমদ ছফার কবর বুদ্ধিজীবী কবরস্থানে স্থানান্তরের সিদ্ধান্ত

চিন্তক, লেখক আহমদ ছফার কবর মিরপুরের সাধারণ কবরস্থান থেকে বুদ্ধিজীবী কবরস্থানে স্থানান্তরের সিদ্ধান্ত নিয়েছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। লেখকের পরিবারের করা আবেদনের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নিয়েছে ডিএনসিসি। ডিএনসিসির সমাজ কল্যাণ বিভাগ সূত্র জানায়, গত ১১ জানুয়ারি লেখক আহমদ ছফার কবরটি মিরপুর সাধারণ কবরস্থান থেকে সরিয়ে বুদ্ধিজীবী কবরস্থানে স্থানান্তরে তার প রিবারের পক্ষে নুরুল আনোয়ার একটি আবেদন করেন। আবেদনে জানানো হয় , বাংলাদেশের শিল্প, সাহিত্য, রাজনীতি, সমাজসেবা প্রতিটি ক্ষেত্রে লেখক আহমদ ছফার অবদান রয়েছে। কিন্তু আহমদ ছফাকে এ পর্যন্ত সেভাবে মূল্যায়ন করা হয়নি। এ সম্মান প্রদর্শনের জন্য তার কবরটি সাধারণ কবরস্থান থেকে সরিয়ে বুদ্ধিজীবী গোরস্তানে স্থানান্তর করা প্রয়োজন। বর্তমানে তার কবর নম্বর - ১০৮০। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

ধর্ষণে অন্তঃসত্ত্বা কিশোরী, সন্তান জন্মের পর আসামি গ্রেফতার

বরিশালের মুলাদী থানার একটি ধর্ষণ মামলার প্রধান আসামি জিসানকে চট্টগ্রাম নগরের খুলশী এলাকা থেকে গ্রেফতার করেছে র্যাব-৭। শনিবার (৯ মে) সকালে খুলশী থানাধীন ইউনেস্কো শপিং মলের সামনে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার জিসানের (২৪) বাড়ি বরিশাল জেলার মুলাদী উপজেলায়। র্যান ব জানায়, বরিশালের মুলাদী উপজেলার এক কিশোরীকে ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলার প্রধান আসামি জিসান চট্টগ্রামে আত্মগোপনে রয়েছেন এমন তথ্যের ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়। র্যাবের ভাষ্য অনুযায়ী, ভুক্তভোগী কিশোরী ও আসামি একই গ্রামের বাসিন্দা। ২০২৫ সালের ৩ মে মুদি দোকানে পণ্য কিনতে গিয়ে ওই কিশোরী ধর্ষণের শিকার হন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। পরে পরিবারের সদস্যরা শারীরিক পরিবর্তন দেখে বিষয়টি জানতে পারেন। গত ৪ এপ্রিল সন্তানের মা হন ওই কিশোরী। এ ঘটনায় ভুক্তভোগীর বাবা বাদী হয়ে গত ২৫ এপ্রিল মুলাদী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

উত্তরায় রাস্তা পারাপারের সময় দ্রুতগামী গাড়ির ধাক্কায় পোশাকশ্রমিক নিহত

রাজধানীর উত্তরায় আর্মড পুলিশ ব্যাটালিয়ন (এপিবিএন) হেডকোয়ার্টারের সামনে রাস্তা পারাপারের সময় দ্রুতগামী গাড়ির ধাক্কায় মো. নুর আলম (৩২) নামে এক যুবক নিহত হয়েছেন। নিহত পে শায় পোশাকশ্রমিক ছিলেন বলে জানা গেছে। শনিবার (৯ মে) দিবাগত রাত পৌনে ২টার দিকে এই ঘটনা ঘটে। পরে গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক ভোর ৪টার দিকে মৃত ঘোষণা করেন। নিহত নুর আলমের ভা ই মো. কাসিম মিয়া জানান , আমার ভাই সোয়েটার ফ্যাক্টরিতে কাজ করতেন। রাতে কাজ শেষ করে বাসায় ফেরার পথে এপিবিএন হেডকোয়ার্টারের সামনের রাস্তা পারাপারের সময় দ্রুতগামী একটি গাড়ির ধাক্কায় গুরুতর আহত হন। পরে আমরা খবর পেয়ে আমার ভাইকে দ্রুত স্থানীয় হাসপাতালে নিয়ে যাই। ওখানে অবস্থার অবনতি হলে পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেলে নিয়ে আসি। তিনি আরও

জানান, আমাদের গ্রামের বাড়ি মাদারীপুর জেলার শিবচর থানাধীন মোল্লাকান্দি এলাকায়। বর্তমানে উত্তরা এলাকায় থাকতেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

আইনজীবী আলিফ হত্যায় চিন্ময় দাসের জামিন হয়নি হাইকোর্টে

চট্টগ্রামে আইনজীবী আলিফ হত্যা মামলায় বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে জামিন দেননি হাইকোর্ট। অপর চার মামলায় তার জামিন বিষয়ে আদেশের জন্য আগামীকাল (১১ মে) দিন ধার্য করেছেন আদালত। জামিনের বিষয়ে রুল খারিজ করে রোববার (১০ মে) হাইকোর্টের বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রায় দেন। আদালতে চিন্ময়ের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট অপূর্ব কুমার ভট্টাচার্য। রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শায়লা শারমিন, সহকারী অ্যাটর্নি জেনারেল মো. আলামিন। এর আগে, হত্যাসহ পৃথক পাঁচ মামলায় বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন প্রশ্নে জারি করা রুল শুনানি শেষ হয়। এর আগে, গত বছরের ১ সেপ্টেম্বর রুল জারি করেন হাইকোর্ট। ওই রুলের চূড়ান্ত শুনানি নিয়ে হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চের রায়ের এই দিন ঠিক করেন। জাতীয় পতাকা অবমাননার অভিযোগে রাষ্ট্রদ্রোহ মামলায় গত বছরের ৩০ এপ্রিল হাইকোর্টে চিন্ময়ের জামিন মঞ্জুরের পর ওই পাঁচ মামলায় গ্রেফতার দেখানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

প্রাথমিকে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ প্রার্থীর তথ্য যাচাইয়ের নির্দেশ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ প্রার্থীর পূর্ব কার্যকলাপ, কাগজপত্র ও নথি যাচাইয়ে জরুরি নির্দেশনা দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। রোববার (১০ মে) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি ও অপারেশন বিভাগের সহকারী পরিচালক (নিয়োগ) আইরিন পারভীন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের শূন্যপদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পূর্ব কার্যকলাপ এবং জমা দেওয়া কাগজপত্র ও নথি যাচাইয়ের নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, সহকারী শিক্ষক নিয়োগ-২০২৫-এ প্রাথমিকভাবে নির্বাচিত ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীর পুলিশি তদন্তের মাধ্যমে তাদের পূর্ব কার্যকলাপ যাচাই করতে হবে। একইসঙ্গে, তাদের জমা দেওয়া নথি ও কাগজপত্রের সত্যতাও যাচাই করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

মিরপুরে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ৪৪

রাজধানীর মিরপুর মডেল থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ৪৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১০ মে) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য জানান। মিরপুর মডেল থানার বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, গতকাল শনিবার মিরপুর মডেল থানা পুলিশ ওই থানার বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানকালে বিভিন্ন অপরাধে জড়িত ৪৪ জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান পুলিশের এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

যাত্রাবাড়ীতে বিশেষ অভিযানে গ্রেফতার ২৯

যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১০ মে) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, শনিবার (৯ মে) যাত্রাবাড়ী থানা পুলিশ অত্র থানাধীন বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২৯ জনকে গ্রেফতার করে। গ্রেফতারদের মধ্যে নিয়মিত মামলায় সাতজন, পুরোনো মামলায় দুইজন, গ্রেফতারি পরোয়ানা মূলে তিনজন ও মোবাইল কোর্টে ১৭ জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

সরকার জনগণের কাছে জবাবদিহির মধ্যদিয়েই রাষ্ট্র পরিচালনা করছে: রিজভী

প্রধানমন্ত্রীর রাজনৈতিক বিষয়ক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, মানুষের মুখে হাসি ফোটানো এবং কোনো শ্রেণি-পেশার মানুষ যেন বঞ্চিত না হয়, সেই লক্ষ্য নিয়েই সরকার কাজ করছে। সরকার জনগণের কাছে জবাবদিহির মধ্য দিয়েই রাষ্ট্র পরিচালনা করছে। রোববার (১০ মে) রাজধানীর ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের (আইডিইবি) তৃতীয় তলায় আয়োজিত সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, দীর্ঘ আন্দোলন-সংগ্রাম, নির্যাতন ও নানা প্রতিকূলতার মধ্যদিয়ে জনগণের ভোটে বর্তমান সরকার ক্ষমতায় এসেছে। তাই এই সরকার জনগণের কাছে জবাবদিহির মধ্য দিয়েই রাষ্ট্র পরিচালনা করছে। তিনি বলেন, নির্বাচনের আগে বিএনপির ৩১ দফা ও বিভিন্ন অঙ্গীকারনামার মাধ্যমে যে-সব প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেগুলোর

যথাযথ বাস্তবায়নে কাজ চলছে। কৃষিঋণ মওকুফ , ফার্মার্স কার্ড, ফ্যামিলি কার্ড ও খাল খননের মতো উদ্যোগগুলোর কথা উল্লেখ করে রিজভী বলেন , এগুলো কোনো ফাঁপা প্রতিশ্রুতি নয় , বরং বাস্তবায়নের জন্য সরকার ধারাবাহিকভাবে কাজ করছে। ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের প্রসঙ্গ টেনে তিনি বলেন , দেশের উন্নয়নের ভিত্তি নির্মাণে তাদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। তাদের ন্যায্য দাবি, সরকার গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে বলেও আশ্বাস দেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

সাড়ে ৩ কোটি টাকা আত্মসাৎ, জনতা ব্যাংকের ৫ কর্মকর্তার কারাদণ্ড

চট্টগ্রামে জনতা ব্যাংকের শেখ মুজিব রোড করপোরেট শাখা থেকে প্রায় সা ড়ে তিন কোটি টাকা আত্মসাতের মামলায় প্রতিষ্ঠানটির সাবেক পাঁচ কর্মকর্তাকে কারাদণ্ড দিয়েছেন আদালত। রোববার (১০ মে) চট্টগ্রাম বিভাগীয় বিশেষ জজ আদালতের বিচারক মো . মিজানুর রহমান এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্তরা হলেন - সাবেক কর্মকর্তা মো . আবু তৈয়ব, বাবুল চন্দ্র মজুমদার, রনেন্দ্র বিকাশ সাহা, মোসলেম উদ্দিন ও মো. সাঈদ হোসেন। মামলায় খালাস পেয়েছেন সাবেক কর্মকর্তা নুরুল হুদা। রায় ঘোষণার সময় দণ্ডপ্রাপ্ত পাঁচ আসামি আদালতে উপস্থিত ছিলেন না। তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। অপর আসামি আবু বকর সিদ্দিকীর বিরুদ্ধে রু ল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মামলার কার্যক্রম স্থগিত থাকবে। মামলার নথি অনুযায়ী , ১৯৯৯ সালের জানুয়ারি থেকে ২০০০ সালের মার্চ পর্যন্ত সময়ে ব্যাংকের কর্মকর্তা ও গ্রাহকদের যোগসাজশে বিভিন্ন হিসাব থেকে অর্থ স্থানান্তর করে তা উত্তোলনের মাধ্যমে আত্মসাৎ করা হয়। পরবর্তীতে বিশেষ পরিদর্শন টিমের তদন্তে মোট তিন কোটি ৩৯ লাখ ৮১ হাজার টাকা আত্মসাতের তথ্য উঠে আসে। এ ঘটনায় ২০০০ সালের ৬ এপ্রিল জনতা ব্যাংকের তৎকালীন উপ -মহাব্যবস্থাপক মো. আবুল কাসেম মিয়া ডবলমুরিং থানায় মামলা করেন। দীর্ঘ তদন্ত শেষে ২০১১ সালে আদালতে অভিযোগপত্র দাখিল এবং ২০১৩ সালের ৬ মার্চ আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরু হয়। রাষ্ট্রপক্ষ জানায়, ১২ জন সাক্ষীর সাক্ষ্য ও প্রমাণে অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত এ রায় দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

দুই হত্যা মামলায় সাবেক মন্ত্রী আসাদুজ্জামান নূরের জামিন

গণ-অভ্যুত্থানকালে হত্যার অভিযোগে রাজধানীর মিরপুর ও রমনা থানায় করা দুটি মামলায় সাবেক সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূরকে জামিন দিয়েছেন হাইকোর্ট। এ বিষয়ে শুনানি নিয়ে রোববার (১০ মে) হাইকোর্টের বিচারপতি কে এম জাহিদ সারওয়ার কাজল ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদালতে এদিন নূরের পক্ষে শুনানি করেন আইনজীবী মো . জহিরুল ইসলাম (জেড আই) খান পান্না ও ব্যারিস্টার রেহান হোসেন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শায়লা শারমিন ও সহকারী অ্যাটর্নি জেনারেল মো . আলামিন। রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করেছিল। গণ -অভ্যুত্থানে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর, একই বছরের ১৫ সেপ্টেম্বর বেইলি রোড থেকে নূরকে গ্রেফতার করে পুলিশ। মিরপুর থানায় করা সিয়াম সরদার (১৭) হত্যা মামলায় তাকে গ্রেফতার করা হয়। মামলার তথ্যমতে, ২০২৪ সালের ১৮ জুলাই মিরপুরে সিয়ামকে হত্যার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১১৪ জনের বিরুদ্ধে মামলা হয়। সিয়ামের বাবা সোহাগ সরদার বাদী হয়ে ১২ সেপ্টেম্বর এই মামলা করেন। এতে নূরের নামও রয়েছে। এছাড়া , তার বিরুদ্ধে রমনা থানায় হত্যা মামলাসহ আরও মামলা আছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

দাতাদের শর্তে নয়, সরকারের উদ্যোগে হচ্ছে ব্যাংক রেজুলেশন: অর্থমন্ত্রী

দেশের আর্থিক খাতকে সঠিক পথে পরিচালনায় ব্যাংক রেজুলেশন আইন প্রয়োজন। তবে এটি কোনো দাতা সংস্থার শর্তে নয়, বরং সরকারের নিজস্ব উদ্যোগে করা হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। রোববার (১০ মে) সচিবালয়ে বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট জোহানস ঝাটের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। প্রায় এক ঘণ্টার বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের বলেন , ব্যাংক রেজুলেশন কার্যকর করতে যা যা প্রয়োজন , বর্তমান সরকার তা করবে। ব্যাংক খাত আরও শক্তিশালী ও শৃঙ্খল কাঠামোয় আনতে ব্যাংক রেজুলেশন আইন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তিনি বলেন , নতুন ঋণ সহায়তা নিয়েও বিশ্বব্যাংকের প্রতিনিধি দলের সঙ্গে আলোচনা হয়েছে। পাশাপাশি আগামী বাজেটে বিশ্বব্যাংকের সম্ভাব্য সহায়তার বিষয়ও উঠে আসে বৈঠকে। তবে, বৈঠক শেষে বিশ্বব্যাংকের প্রতিনিধি দলের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য দেওয়া হয়নি।(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গে ১১ জনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ১১ জন মারা গেছেন। তাদের মধ্যে ৪ জন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ৭ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। রোববার (১০ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী , গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৬৫ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে

সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ৩৪৪ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৬ হাজার ৮১৯ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৪৯ হাজার ১৫৯ জন। এখন পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ৩৪ হাজার ৯০৯ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ৩০ হাজার ৮৬২ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

পুলিশ পদক স্থগিত নিয়ে যা বলছে পুলিশ সদর দপ্তর

পুলিশ সপ্তাহের অনুষ্ঠানের আগ মুহূর্তে `বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম), ও `রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম), প্রদান স্থগিত করা হয়। তবে , পুলিশ পদকের প্রজ্ঞাপন জারিসংক্রান্ত বিষয়ে বাংলাদেশ পুলিশের এক ঊর্ধ্বতন কর্মকর্তাকে উদ্ধৃত করে `রাষ্ট্রপতি বিদেশ যাওয়ায়, পুলিশ পদকের জিও করা সম্ভব হয়নি, বলে কয়েকটি গণমাধ্যমে যে সংবাদ প্রকাশ হয়েছে, তা সঠিক নয় বলে দাবি করেছে পুলিশ সদর দপ্তর। রোববার (১০ মে) পুলিশ সদর দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় , বাংলাদেশ পুলিশের কোনো দায়িত্বশীল কর্মকর্তা এ ধরনের বক্তব্য দেননি। সংশ্লিষ্ট প্রতিবেদনে ওই পুলিশ কর্মকর্তাকে উদ্ধৃত করে প্রকাশিত বক্তব্য ভিত্তিহীন ও বিভ্রান্তিকর। প্রকৃতপক্ষে , পুলিশ পদকের প্রজ্ঞাপন জারি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় প্রশাসনিক ও প্রক্রিয়াগত কার্যক্রম চলছে। পুলিশ সদর দপ্তর আরও জানায়, এ বিষয়ে আনুষ্ঠানিক সিদ্ধান্ত বা প্রজ্ঞাপন জারির আগে কোনো কর্মকর্তাকে উদ্ধৃত করে এ ধরনের অনুমাননির্ভর বক্তব্য প্রচার জনমনে বিভ্রান্তি সৃষ্টি করতে পারে। এ বিষয়ে গণমাধ্যমকে যথাযথ তথ্য যাচাই করে সংবাদ প্রকাশের অনুরোধ জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৫.২০২৬ রিহাব)

ডিজিটাল দক্ষতার পাশাপাশি নৈতিক শিক্ষায়ও শিক্ষিত হতে হবে : তথ্যমন্ত্রী

তরুণদের মনোজগতে নৈতিকতার মজবুত ভিত্তি না থাকলে মেধা ও প্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, বর্তমান কৃত্রিম বুদ্ধিমত্তা ও প্রযুক্তির যুগে ভবিষ্যৎ প্রজন্মকে কেবল প্রযুক্তিগতভাবে দক্ষ করলেই চলবে না, ডিজিটাল লিটারেসির পাশাপাশি তাদের নৈতিক শিক্ষায়ও শিক্ষিত করে গড়ে তুলতে হবে। রোববার (১০ মে) রাজধানীর ড্যাফোডিল টাওয়ার মিলনায়তনে বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট আয়োজিত `সবার আগে বাংলাদেশ দর্শন বাস্তবায়নে নৈতিক শিক্ষার ভূমিকা, শীর্ষক জাতীয় সেমিনার ও শিক্ষাবৃত্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। তথ্যমন্ত্রী বলেন, বর্তমান সমাজ ও অর্থনীতি দ্রুত ডিজিটালাইজড হয়ে যাচ্ছে। ব্যক্তিগত সংযোগ থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, সবই এখন ডিজিটাল প্ল্যাটফর্ম নির্ভর। তবে দেশের অনেক কাঠামো এখনও সেই গতির সঙ্গে তাল মেলাতে পারছে না। তিনি বলেন, "আমাদের রাষ্ট্রকে দ্রুত আধুনিক ডিজিটাল চরিত্রে রূপান্তর করতে হবে। একইসঙ্গে সোশ্যাল মিডিয়ায় তরুণদের মূল্যবোধ তৈরিতে সহায়ক কনটেন্ট প্রচারের ওপর গুরুত্ব দিতে হবে। ৫ আগস্টের রাজনৈতিক পরিবর্তনের প্রেক্ষাপট তুলে ধরে মন্ত্রী বলেন, একজন রাষ্ট্রনায়ক বা দায়িত্বশীল ব্যক্তির যদি নৈতিক মানদণ্ড ঠিক না থাকে, তবে তার পরিণতি ভালো হয় না। তিনি বলেন, জন্মগতভাবে মানুষের মধ্যে যে পাশবিক প্রবৃত্তি থাকে, তাকে নিয়ন্ত্রণের জন্য শৈশব থেকেই সুকুমার বৃত্তির চর্চা প্রয়োজন। আমাদের শিক্ষাব্যবস্থা ও কারিকুলামে নৈতিক শিক্ষার প্রতিফলন থাকতে হবে, যাতে শিক্ষার্থীরা ছোটবেলা থেকেই উন্নত মনস্তত্ত্ব নিয়ে বড়ো হতে পারে। জহির উদ্দিন স্বপন বলেন, অতীতে দেশে দুর্বৃত্তায়নের সংস্কৃতি ছিল, সেসময় ভালো কোনো উদ্যোগ বা সমস্যা নিয়ে কথা বলার পরিবেশ ছিল না। বর্তমানে সেই রুদ্ধশ্বাস পরিস্থিতি থেকে দেশ মুক্ত হয়েছে এবং মুক্ত আলোচনার পরিবেশ তৈরি হয়েছে। এই সুযোগকে কাজে লাগিয়ে একটি নৈতিক সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি।(জাগো নিউজ ওয়েব পেজ : ১২.০৫.২০২৬ নারগীস)

রেডিও টুডে

রাজারবাগে পুলিশদের কেন একত্রিত করাহয়েছিল, গবেষণার দাবি রাখে : প্রধানমন্ত্রী

১৯৭১ সালের উত্তাল মার্চে যখন পশ্চিম পাকিস্তান থেকে প্রতিদিন হাজার হাজার সৈন্য ঢাকায় এসে জড়ো হচ্ছিল, সেই চরম উত্তেজনাপূর্ণ পরিস্থিতিতে দেশের সব পুলিশ সদস্যকে রাজারবাগ পুলিশ লাইন্সে একসঙ্গে কেন রাখা হয়েছিল , তৎকালীন রাজনৈতিক নেতৃত্বের পেছনে কী যুক্তি বা কৌশল কাজ করেছিল , এই বিষয়টিকে মুক্তিযুদ্ধ গবেষকদের জন্য গুরুত্বপূর্ণ হিসেবে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে পুলিশ সপ্তাহ-২০২৬-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তারেক রহমান বলেন, 'মুক্তিযুদ্ধকালীন প্রজন্ম থেকে শুরু করে আজ পর্যন্ত , অর্থাৎ মুক্তিযুদ্ধ -পরবর্তী প্রজন্ম - আমরা যারা ইতিহাস পড়ে কিংবা বীর মুক্তিযোদ্ধাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা শুনে মুক্তিযুদ্ধ সম্পর্কে জেনেছি , তাদের মনে মুক্তিযুদ্ধকালীন ইতিহাস নিয়ে এখনো কিছু প্রশ্ন রয়েছে।„ তিনি বলেন, "১৯৭১ সালের উত্তাল মার্চে স্বাধীনতাকামী মানুষের মনে যখন টানটান উত্তেজনা , তৎকালীন পশ্চিম পাকিস্তান থেকে যখন ঢাকায় প্রতিদিন হাজার হাজার সৈন্য জড়ো করা হচ্ছিল , এমন পরিস্থিতিতে সব পুলিশ সদস্যকে রাজারবাগ পুলিশ লাইন্সে একসঙ্গে জড়ো ক রে রাখার পেছনে তৎকালীন রাজনৈতিক নেতৃত্বের কী যুক্তি বা কৌশল কাজ করেছিল , বাংলাদেশের স্বাধীনতা এবং মুক্তিযুদ্ধ সম্পর্কে যারা এখনো গবেষণা করে চলছেন , এটি এখনো তাদের জন্য একটি

গবেষণার বিষয় হতে পারে বলে আমি মনে করি।„ প্রধানমন্ত্রী আরও বলেন, মুক্তিযুদ্ধে রাজারবাগ পুলিশের ভূমিকা এবং চট্টগ্রামে মেজর জিয়ার 'উই রিভোল্ট' ঘোষণা, এই দুটি ঘটনা একসঙ্গে স্বাধীনতার লড়াইকে অপ্রতিরোধ্য করে তুলেছিল। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

অব্যবহৃত ৬ শিশু হাসপাতাল দ্রুত চালুর নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান অব্য বহৃত ছয় শিশু হাসপাতাল দ্রুত চালুর নির্দেশ দিয়েছেন। গত ১২ এপ্রিল `৩২০ কোটি টাকা খরচে ৬ শিশু হাসপাতালের ভবন পড়ে আছে, শীর্ষক একটি প্রতিবেদন পত্রিকায় প্রকাশ হয়। পরে প্রতিবেদনটি প্রধানমন্ত্রী তারেক রহমানের দৃষ্টিগোচর হয়। ওই প্রতিবেদনে উল্লেখ করা হয়, রংপুর, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট ও কুমিল্লায় আধুনিক ছয়টি হাসপাতাল ভবন নির্মাণ হলেও, বছরের পর বছর তা অব্যবহৃত পড়ে আছে। পত্রিকায় প্রকাশিত এমন খবর পড়ার পর প্রধানমন্ত্রী স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন, প্রতিমন্ত্রী ডা. এম এ মুহিত এবং স্বা স্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মো. কামরুজ্জামান চৌধুরীসহ সংশ্লিষ্টদের সঙ্গে জরুরি বৈঠক করেন। প্রধানমন্ত্রী বৈঠকে উপস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্টদের তাৎক্ষণিক নির্দেশ দেন, দ্রুত এই অব্যবহৃত ছয়টি হাসপাতাল পরিদর্শন করে চালুর জন্য। একইসঙ্গে প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন, আগামী ২ জুন ২০২৬ তারিখের মধ্যে নির্দেশনা বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে সার্বিক প্রতিবেদন পেশ করতে। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানান। ডেপুটি প্রেস সেক্রেটারি জানান, বৈঠকে আলোচনা হয় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালটি আংশিক চালু রয়েছে। এক্ষেত্রে ৫০০ শয্যাবিশিষ্ট এই হাসপাতাল পূর্ণাঙ্গভাবে চালু করার জন্য নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পাশাপাশি, রাজধানী ঢাকার শাহবাগে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে সুপার স্পেশালাইজড হাসপাতালসহ বাকি হাসপাতালগুলো দ্রুত চালুর নির্দেশ দেন প্রধানমন্ত্রী।

এদিকে, ১ হাজার শয্যাবিশিষ্ট নীলফামারীতে বাংলাদেশ-চীন মৈত্রী হাসপাতালের কাজ দ্রুত এগিয়ে নিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে চীনা দূতাবাসকে সম্পৃক্ত করে দ্রুত কাজ শুরু করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। জানা গেছে, নীলফামারীতে বাংলাদেশ-চীন মৈত্রী হাসপাতালটি সদর উপজেলায় নির্মাণ করা হবে। প্রকল্পটি বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব কামরুজ্জামান চৌধুরী জানান, 'বাংলাদেশের উত্তরাঞ্চলে, বিশেষ করে রংপুর বিভাগে, প্রায় ২ কোটি জনগোষ্ঠীর এই অঞ্চলে উচ্চ দারিদ্র্য হার, সীমিত স্বাস্থ্য অবকাঠামো এবং দক্ষ মানবসম্পদের অভাবের কারণে জটিল রোগের চিকিৎসাসেবা নিশ্চিত করা কঠিন হয়ে পড়েছে। এ পরিস্থিতিতে বাংলাদেশ-চীন মৈত্রী হাসপাতাল নির্মিত হলে হা সপাতালটি একটি আঞ্চলিক রেফারেল কেন্দ্র হিসেবে কাজ করবে।' এছাড়া, উত্তরাঞ্চলে উন্নত চিকিৎসা সেবা সম্প্রসারণ একটি সময়োপযোগী ও কৌশলগত পদক্ষেপ বলেও মন্তব্য করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব।

(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

পুলিশের ওভারটাইম ভাতা বিবেচনা করা হতে পারে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, পুলিশ বাহিনীকে একটি জনকল্যাণমুখী ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকারের আর্থিক সংগতি ও সক্ষমতা বিবেচনায়, তাদের যৌক্তিক দাবিগুলো পূরণ করা হবে। রাজধানীর রাজা রবাগ পুলিশ মিলনায়তনে `পুলিশ সপ্তাহ-২০২৬, উদ্‌যাপন উপলক্ষ্যে `প্রধানমন্ত্রীর বিশেষ কল্যাণ সভায়, বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন আইজিপি মো. আলী হোসেন ফকির। ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন অতিরিক্ত আইজিপি খন্দকার রফিকুল ইসলাম। মন্ত্রী বলেন, বর্তমানে অনেক পুলিশ কনস্টেবল ৪০ বছর চাকরি করে অবসর গ্রহণ করেও পরবর্তী পদোন্ন তি পান না। সেজন্য বিশেষ নীতিমালা ও সন্তোষজনক চাকরির রেকর্ড বিবেচনায় অবসর সময়ে কিছুসংখ্যক পুলিশ সদস্যকে কনস্টেবল থেকে অনারারি সহকারী উপ-পরিদর্শক পদে, সহকারী উপ-পরিদর্শক থেকে অনারারি উপ-পরিদর্শক পদে এবং উপ-পরিদর্শক থেকে অনারারি পরিদর্শক পদে পদোন্নতি দেওয়া হ বে। মন্ত্রী আরো বলেন, পুলিশিং কার্যক্রমকে আরো গতিশীল ও কার্যকর করতে অতিরিক্ত কর্মঘণ্টায় দায়িত্ব পালনকারী পুলিশ সদস্যদের জন্য বিশেষ নীতিমালার ভিত্তিতে ওভারটাইম ভাতা প্রদানের কথা ভাবছে সরকার, যা তাদের মনোবল বৃদ্ধি ও সেবার মান উন্নয়নে সহায়ক হবে। এক্ষেত্রে পুলি শের ইন্সপেক্টর থেকে নিম্নে কনস্টেবল পদ পর্যন্ত ওভারটাইম ভাতা বিবেচনা করা হতে পারে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দীর্ঘ কর্মঘণ্টা ও অধিক কর্মচাপ বিবেচনায় পুলিশ সদস্যদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষায় কেন্দ্রীয় ও বিভাগীয় পুলিশ হাসপাতালকে সুযোগ-সুবিধা বৃদ্ধিপূ র্বক আরো আধুনিক ও যুগোপযোগী করে গড়ে তোলা হবে এবং আরো উন্নত হাসপাতাল নির্মাণ করা হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

ঈদযাত্রা নিরাপদ করতে সব ব্যবস্থা নেওয়া হচ্ছে: রেলমন্ত্রী

আসন্ন ঈদযাত্রা নির্বিঘ্ন করতে সড়ক , নৌ ও রেলপথে সব ধরনের ব্যবস্থাপনা নি শ্চিত করা হচ্ছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ, নৌ ও রেলপথমন্ত্রী শেখ রবিউল আলম। একইসঙ্গে ঈদের আগে অনুমোদন ও ফিটনেসবিহীন নৌযান চলাচল বন্ধ করতে নৌ -পুলিশকে নির্দেশ দিয়েছেন নৌ -পরিবহণ প্রতিমন্ত্রী রাজিব আহসান। রোববার সকালে রাজধানীর ইস্কাটন রোডের লেডিস ক্লাবে নৌ -নিরাপত্তা সপ্তাহ-২০২৬-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে মন্ত্রী শেখ রবিউল আলম বলেন , নৌ সেক্টরকে এগিয়ে নিতে সংশ্লিষ্ট সব স্তরের কর্মকর্তা -কর্মচারীর মেধা , ধৈর্য ও ত্যাগকে কাজে লাগানোর বিকল্প নেই। প্রতিমন্ত্রী রাজিব আহসান বলেন , সচেতনতা ও দায়িত্বশীলতার মাধ্যমে নৌপথের দুর্ঘটনা শূন্যে নামিয়ে আনা সম্ভব। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

এপ্রিলে দেশে অর্থনৈতিক কর্মকাণ্ড বেড়েছে, পিএমআই মান ৫৪.৬

চলতি বছরের এপ্রিল মাসে দেশে সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডের গতি বেড়েছে। এ মাসে বাংলাদেশের পারচেজিং ম্যানেজার্স ইনডেক্স পিএমআই ১ দশমিক ১ পয়েন্ট বেড়ে ৫৪ দশমিক ৬ পয়েন্ট হয়েছে। এর আগের মাসে পিএমআই মান ছিল ৫৩ দশমিক ৫ পয়েন্ট। মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এমসিসিআই)এবং পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশ-এর যৌথভাবে প্র কাশিত সর্বশেষ পিএমআই প্রতিবেদনে এই তথ্য জানানো হয়। আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় , যুক্তরাজ্য সরকারের সহায়তা এবং সিঙ্গাপুর ইনস্টিটিউট অব পারচেজিং অ্যান্ড ম্যাটেরিয়ালস ম্যানেজমেন্টের কারিগরি সহায়তায় ৭ মে এ প্রতিবেদন প্রকাশিত হয়। প্রতিবেদন অনুযায়ী , কৃষি ও উৎপাদন খাতে গতি বৃদ্ধি পাওয়ায় সামগ্রিকভাবে অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলেছে। মার্চ মাসে উৎপাদন খাত কিছুটা সংকুচিত হলেও, এপ্রিলে তা আবারও প্রবৃদ্ধিতে ফিরেছে। পাশাপাশি কৃষি খাতের শক্তিশালী অবস্থানও অব্যাহত রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

নতুন পে-স্কেলে বাড়ছে বিশেষ ভাতা

সরকারি চাকরিজীবী ও পেনশনভোগীদের জন্য নবম পে -স্কেল নিয়ে বড়ো সুখবর আসছে। উচ্চ মূল্যস্ফীতি ও বাড়তি জীবনযাত্রার ব্যয় বিবেচনায় জাতীয় বেতন কমিশনের প্রাথমিক সুপারিশে বেতন বৃদ্ধির পাশাপাশি , পেনশন কাঠামোতেও বড়ো পরিবর্তনের প্রস্তাব করা হ য়েছে। প্রাথমিক সুপারিশ অনুযায়ী , পেনশনভোগীদের আর্থিক সুরক্ষা নিশ্চিত করতে তিন ধাপে পেনশন বাড়ানোর পরিকল্পনা করা হয়েছে। এছাড়া , নতুন বেতন কাঠামোয় বিভিন্ন ভাতা বাড়ানোর সুপারিশ করা হয়েছে। সেগুলো হচ্ছে- বৈশাখি ভাড়া, টিফিন ভাতা ও শিক্ষা ভাতা।

বৈশাখি ভাতা : মূল বেতনের ২০ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ করার প্রস্তাব।

টিফিন ভাতা : ১১ থেকে ২০তম গ্রেডের কর্মচারীদের জন্য ২০০ টাকা থেকে বাড়িয়ে ১ হাজার টাকা।

শিক্ষা ভাতা : সন্তানদের মাসিক শিক্ষা ভাতা ১,৫০০ টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা।

সূত্রে জানা গেছে , সরকারের পরিকল্পনা অনুযা য়ী, তিন ধাপে এই পে -স্কেল বাস্তবায়ন হতে পারে। এছাড়া , আগামী অর্থবছরের বাজেটে আংশিক বাস্তবায়নের জন্য প্রায় ৩৫ হাজার কোটি টাকার খসড়া বরাদ্দ রাখা হয়েছে। পূর্ণাঙ্গ বাস্তবায়ন অর্থনৈতিক বাস্তবতার ওপর নির্ভর করবে এবং ২০২৮-২৯ অর্থবছরের আগে সম্পূর্ণ কার্যকর হওয়ার সম্ভাবনা কম। আগামী কয়েক মাসের মধ্যে পুনর্গঠিত কমিটির চূড়ান্ত সুপারিশের ভিত্তিতে সরকারের আনুষ্ঠানিক ঘোষণা আসতে পারে। দীর্ঘদিনের প্রতীক্ষার পর এই পে -স্কেল বাস্তবায়িত হলে সরকারি চাকরিজীবী ও অবসরপ্রাপ্ত লাখো মানুষের আর্থিক স্বস্তি বাড়বে বলে ধারণা করা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

হামে মৃত্যু হওয়া ৩৫২ শিশুর পরিবারকে ২ কোটি টাকা করে ক্ষতিপূরণ দিতে রিট

সারা দেশে হাম ও এর উপসর্গে মৃত্যু হওয়া ৩৫২ শিশুর পরিবারকে ২ কোটি টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। রোববার হাইকোর্টের সং শ্লিষ্ট শাখায় জনস্বার্থে রিটটি দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার হুমায়ন কবীর পল্লব। স্বাস্থ্য সচিবসহ সংশ্লিষ্টদের রিটে বিবাদী করা হয়েছে। হাম ও এর উপসর্গ নিয়ে সারা দেশে গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত মৃত্যু সাড়ে তিনশো ছাড়িয়েছে। সবশেষ শনিবারও হাম ও এর উপসর্গে ৯ জনের মৃত্যুর কথা জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে শুধু ঢাকা বিভাগেই ৩ জনের মৃত্যু হয়েছে। পাশাপাশি , এই সময়ে খুলনা বিভাগে ২ ও সিলেটে হামের উপসর্গে একজনের মৃত্যু হয়েছে। এছাড়াও , শনিবার হামে আক্রান্ত হয়ে বরিশাল বিভাগে আরও ৩ জনের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের সবশেষ তথ্য অনুযায়ী , গত ১৫ মার্চ থেকে শনিবার পর্যন্ত মোট ৪৭ হাজার ৬৫৬ জনের মধ্যে হামের উপসর্গ পাওয়া গেছে। সেই সঙ্গে এই সময়ে মোট ৬ হাজার ৯৭৯ জনের হাম শনাক্ত হয়েছে। অন্যদিকে , গত ১৫ মার্চ থেকে শনিবার পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মোট ৩৩ হাজার ৬৩১ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। তাদের মধ্যে এ পর্যন্ত সুস্থ হয়ে হাসপাতাল থেকে ২৯ হাজার ৭৪৬ জন ছাড়পত্র পেয়েছেন বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর।
(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

মব মোকাবিলায় আইন সংশোধন বা নতুন আইন হতে পারেঃ স্বরাষ্ট্রমন্ত্রী

প্রচলিত আইন দিয়ে `মব, পুরোপুরি মোকাবিলা সম্ভব হচ্ছে না, এ লক্ষ্যে আইন সংশোধন বা নতুন করে আইন করা প্রয়োজন হতে পারে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার রাজারবাগ পুলিশ মিলনায়তনে পুলিশ সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। `মব কালচার, প্রসঙ্গ তুলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "এ বিষয়ে আমরা আগেই বলেছি। প্রচলিত আইনের আওতায় যতটুকু সম্ভব, আমরা ব্যবস্থা নিচ্ছি। তবে এ বিষয়ে আইনি সংস্কার বা সংশোধনের প্রয়োজন হলে, সেটিও করা হবে। আমি আজ এখানে স্বরাষ্ট্র সচিব ও আইজিপিকে অনুরোধ করেছি, বিষয়টি যেন আবার আমাকে স্মরণ করিয়ে দেওয়া হয়।" তিনি আরও বলেন, "কারণ মব কালচার আলাদাভাবে মোকাবিলায় নতুন আইন বা সংশোধনের প্রয়োজন হতে পারে। প্রচলিত আইন দিয়ে পুরোপুরি এটি মোকাবিলা করা সম্ভব হচ্ছে না।" জুয়া ও অনলাইন জুয়া প্রসঙ্গে মন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, "এগুলো বন্ধে কী ধরনের আইনি কাঠামো প্রয়োজন, তা নির্ধারণে আমরা একটি বিশেষ কমিটি গঠন করেছি। এই কমিটি অনলাইন জুয়া কীভাবে মোকাবিলা করা যায়, সে বিষয়ে আইন প্রণয়নের পাশাপাশি সাইবার ক্রাইম ও মানি ট্রান্সফার-সংশ্লিষ্ট বিষয়গুলো একই আইনের আওতায় আনা যায় কি না, তাও পর্যালোচনা করবে।" স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আইনের খসড়া এলে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করব। কারণ সময় বদলাচ্ছে, পৃথিবী এগিয়ে যাচ্ছে, ইন্টারনেটভিত্তিক অপরাধের ধরনও পাল্টে গেছে। তাই পুরোনো আইন দিয়ে এখন আর চলা সম্ভব নয়। নতুন আইন প্রণয়নের পাশাপাশি এসব অপরাধ কীভাবে মোকাবিলা করা যায়, সে বিষয়ে প্রয়োজন হলে আমরা অন্যান্য দেশের অভিজ্ঞতাও গ্রহণ করব।" (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

বিনিয়োগবান্ধব রাষ্ট্রব্যবস্থা গড়ে তোলার বৃহত্তর পরিকল্পনা আছেঃ মাহাদী আমিন

প্রধানমন্ত্রীর শিক্ষা, শ্রম ও কর্মসংস্থান বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন বলেছেন, বাংলাদেশে বিনিয়োগবান্ধব রাষ্ট্র ব্যবস্থা গড়ে তোলার বৃহত্তর পরিকল্পনা রয়েছে। আজ বিকেলে নারায়ণগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ে আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে জেলার শিল্পাঞ্চলে সার্বিক স্থিতিশীলতা বজায় রাখা এবং শ্রমিকদের বেতন, বোনাস ও ছুটি প্রদান বিষয়ক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। এ সময় তিনি বলেন, "যেখানে নতুন কোনো প্রতিষ্ঠান রেজিস্ট্রেশনের জন্য কোনো দুর্নীতি হবে না। অনেকগুলো ট্রেড লাইসেন্সের প্রয়োজন হবে না। স্ট্রিম লাইন প্রসেসের মাধ্যমে ওয়ানস্টপ সলিউশন নিশ্চিত করতে চাই। বাংলাদেশে বিদেশি বিনিয়োগের মূল ভিত্তি হবে, কীভাবে আমরা কর্মসংস্থান করবো তার ওপর।" মাহাদী আমিন বলেন, "নারায়ণগঞ্জকে আমরা একটি রোল মডেল হিসেবে গড়ে তুলতে সবাই মিলে কাজ করবো। এখানকার গার্মেন্ট পণ্য বিশ্বের সব দেশে যায়। গার্মেন্ট সেক্টরের ক্ষতি কমাতে আড়াই হাজার কোটি টাকার নীতিগত সহায়তা ইনটেনসেটিভের ব্যবস্থা করা হবে, যাতে ফ্যাক্টরির মালিকরা পুরো সহযোগিতা পান।" তিনি বলেন, "ঈদুল ফিতরের সময় আমরা যেমন আন্তরিকতা, একাগ্রতার মাধ্যমে সবাই মিলে কাজ করে সফলতা পেয়েছিলাম, তেমনি ঈদুল আযহাতে সফলতা পেতে চাই।" এসময় তিনি বলেন, "কর্মসংস্থান সৃষ্টি, কর্মদক্ষতা বৃদ্ধিসহ নানা সুযোগ-সুবিধা বৃদ্ধি করাই বিএনপির রাজনীতি। আমরা গত ঈদুল ফিতরের সময়েও দেখেছি, কিছু ষড়যন্ত্র হয়েছিল। প্রশাসনসহ সবাই ঐক্যবদ্ধ থাকায় সেটা ব্যর্থ হয়েছে। ইনশাল্লাহ এবারও সকলে ঐক্যবদ্ধ থাকলে কোনো ষড়যন্ত্র সফল হবে না।" (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ভারতের উচিত বাংলাদেশকে অনুসরণ করা: খেলাফত মজলিশ

ভারতে মুসলমানদের ওপর ধারাবাহিক নির্যাতন, মসজিদ-মাদ্রাসায় হামলা এবং মুসলিম নারী-পুরুষের জানমাল ও ধর্মীয় স্বাধীনতার ওপর আঘাত মানবাধিকারের চরম লঙ্ঘন বলে মন্তব্য করেছেন বাংলাদেশ খেলাফত মজলিশের মহাসচিব জালালুদ্দীন আহমদ। পশ্চিমবঙ্গ, আসামসহ ভারত জুড়ে মুসলমানদের ওপর চলমান নিপীড়ন, হামলা ও মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদে রোববার বিকেলে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে বাংলাদেশ খেলাফত মজলিশ একটি বিক্ষোভ মিছিল করে। এর আগে, সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মি. আহমদ এসব কথা বলেন। পশ্চিমবঙ্গ ও আসামসহ ভারতের বিভিন্ন অঞ্চলে মুসলমানদের নাগরিক অধিকার হরণ এবং সাম্প্রদায়িক আগ্রাসনের ঘটনায় মুসলিম বিশ্ব গভীরভাবে উদ্‌বিগ্ন উল্লেখ করে অবিলম্বে মুসলিম নিপীড়ন বন্ধ এবং আন্তর্জাতিক সম্প্রদায়কে কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান মি. আহমদ। বাংলাদেশের সরকারকে 'ভারতীয় তাঁবেদারি' পরিহার করার দাবি জানিয়ে এসব ঘটনায় কূটনৈতিক তৎপরতা জোরদার করার আহ্বান জানান তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

ওয়ান ইলেভেনের নেপথ্যের মূলনায়ক কে ছিলেন জানালেন চিফ প্রসিকিউটর

চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম বলেছেন, ওয়ান ইলেভেন সরকারের সময় সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন চৌধুরীসহ আরও বেশ কয়েকজনকে `ডি ফ্যাক্টো গভর্মেন্ট, বলা হতো। পুরো সরকার একরকম তারাই চালাতেন। এ কারণে সে সময় সব অমানবিক ঘটনা ঘটেছে। রোববার নিজ কার্যালয়ে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। চিফ প্রসিকিউটর

বলেন, ওই সময় যে-সব মানবতাবিরোধী অপরাধ হয়েছে, এর নেপথ্যে মূলনায়ক ছিলেন মাসুদ উদ্দিন। এ জন্য আমরা তাকে সেফহোমে নিয়ে জিজ্ঞাসাবাদ করেছি। যা তথ্য পেয়েছি, সেগুলো যাচাই-বাছাই করা হচ্ছে। প্রয়োজনে আরও দু-দিন সাবেক এই সেনা কর্মকর্তাকে জিজ্ঞাসাবাদ করার সুযোগ রয়েছে। তাকে আবারও জিজ্ঞাসাবাদের প্রয়োজন হতে পারে। তিনি আরও বলেন , ওয়ান ইলেভেনসহ ফ্যাসিস্ট শেখ হাসিনার অনেক কর্মকাণ্ডের সঙ্গে সাবেক এই সেনা কর্মকর্তার সম্পৃক্ততা রয়েছে। জুলাই আন্দো লন দমনেও তার বিরুদ্ধে অভিযোগ পেয়েছি। তদন্তে এসব উঠে আসছে। প্রতিবেদন পেলে সব ঘটনা সম্পর্কে বিস্তারিত বলা যাবে। এ ছাড়া , যে-সব মানবতাবিরোধী অপরাধে তার সম্পৃক্ততা থাকবে, সেখানেই আমরা তাকে আসামি করব। চিফ প্রসিকিউটর বলেন , জুলাই গণ-অভ্যুত্থান দমনে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে `লেথাল ওয়েপন, ব্যবহার করে সোজা গুলি করার নির্দেশ দিয়েছিলেন। এদিকে, জুলাই গণ-অভ্যুত্থানে ফেনীতে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের এক মামলায় লেফটেন্যান্ট জেনারেল (অব.) মাসুদ উদ্দিন চৌধুরীর বিরুদ্ধে তদন্ত প্রতি বেদন দাখিলের জন্য আগামী ২১ জুলাই দিন ধার্য করেছেন ট্রাইব্যুনাল। বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ আজ এ দিন ধার্য করেন।(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

আফ্রিকায় গাড়িতে এলোপাতাড়ি গুলি, বাংলাদেশি ব্যবসায়ী নিহত

দক্ষিণ আফ্রিকায় সন্ত্রাসীদের এলোপাতাড়ি গুলিতে এক বাংলাদেশী নিহত। রোববার দক্ষিণ আফ্রিকার কেজেডএন প্রদেশের নিউ ক্যাসেল শহরের কাছে এ হত্যার ঘটনা ঘটে। নিহত সুমন মিয়া টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার ১৩ নম্বর বাঁশতৈল ইউনিয়নের অভিরামপুর পশ্চিমপাড়া গ্রামের মো. মইজ উদ্দিন মিয়ার ছেলে। সুমনের মৃত্যুর খবর সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে তার পরিবার ও পুরো এলাকা জুড়ে বইছে শোকের মাতম। হত্যার পর মালামাল নিয়ে পালিয়ে যায় অস্ত্রধারী সন্ত্রাসীরা। খবর পেয়ে দক্ষিণ আফ্রিকার আইন -শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ঘটনাস্থলে পৌঁছে তার মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়। কী কারণে তাকে হত্যা করা হয়েছে , তার সঠিক কারণ এখনও জানা যায়নি। এদিকে, সুমনের হত্যার খবর বাড়িতে এসে পৌঁছালে শোকের ছায়া নেমে এসেছে। শত শত লোকজন তার গ্রামের বাড়িতে ভিড় করছে। নিহত সুমনের স্ত্রী ও এক পুত্র সন্তান রয়েছে। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত সাপেক্ষে খুনিদের গ্রেফতারের দাবি জানিয়েছেন। সেই সঙ্গে আইনি প্রক্রিয়ার মাধ্যমে নিহতের মরদেহ দ্রুত দেশে আনার সরকারের কাছে দাবি জানিয়েছে পরিবারটি। উপজেলা নির্বাহী অফিসার খান সালমান হাবীব ও মির্জাপুর থানার ওসি মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন জা নান, দক্ষিণ আফ্রিকায় বাংলাদেশি ব্যবসায়ীর মৃত্যুর বিষয়টি তারা পরিবারের বরাতে জানতে পেরেছেন। সরকারের পক্ষ থেকে এবং উপজেলা প্রশাসনের পক্ষ তার মরদেহ দেশে ফেরত আনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৫.২০২৬ আসাদ)

BBC

IRAN WARNS AGAINST COMPLYING WITH US SANCTIONS AS GULF ATTACKS REPORTED

Iran has warned its Gulf neighbours that complying with US sanctions would lead to their ships face difficulties crossing the Strait of Hormuz. Military spokesman Mohammad Akraminia said vessels passing through the vital trade route would face "severe consequences" if they did not co-operate with Tehran first, Iran's state-run news agency IRNA reported. Meanwhile, a commercial vessel has been hit by an unknown projectile off the coast of Qatar, and both the United Arab Emirates and Kuwait have reported foiled drone attacks. The incidents come two days after a clash between Iran and US naval destroyers trying to enforce a blockade of Iranian ports. US President Donald Trump has insisted a ceasefire reached last month remained in place, while Iran says is considering a White House proposal to end the war. (BBC News Web Page: 10/05/26, FARUK)

ARMY PARACHUTES ONTO REMOTE ISLAND TO HELP BRITON WITH SUSPECTED HANTAVIRUS

British Army medics have parachuted onto the remote Atlantic island of Tristan da Cunha to help a British national with suspected hantavirus. The man left MV Hondius, the cruise ship hit by a deadly outbreak of the virus, in mid-April at Britain's most remote inhabited overseas territory, where he lives. He first reported symptoms two weeks after leaving the vessel and is said be in a stable condition while isolating. Six cases of the virus have now been confirmed, including of two other Britons currently being treated off the ship. Oxygen was also dropped from an RAF A400M on Saturday, with supplies at a "critical level" on the island, the Ministry of Defence (MoD) said. Almost a month after the first death onboard the MV Hondius, the vessel has now arrived in Tenerife, where authorities are helping more than 100 people disembark to be repatriated. (BBC News Web Page: 10/05/26, FARUK)

SPAIN STARTS EVACUATING VIRUS-HIT CRUISE SHIP IN TENERIFE

Spain is evacuating passengers from a hantavirus-stricken cruise ship anchored near Tenerife in the Canary Islands. Health Minister Monica Garcia said the operation was "proceeding normally" and that all passengers on board the MV Hondius were still asymptomatic. With a long camera lens, passengers could be seen wandering around on the deck of the ship, or at the windows, all in white medical face masks, as the first evacuation took place. Several sat socially distanced on the first evacuation boat, filming and taking photos as they approached land, where they were met by officials in white protective suits. The ship's passengers are being divided into groups by nationality to be ferried to shore. They are being taken by bus to the local airport, where charter planes will repatriate them to their home countries. (BBC News Web Page: 10/05/26, FARUK)

PUTIN SAYS HE THINKS UKRAINE CONFLICT 'COMING TO AN END'

Russian President Vladimir Putin has said he thinks Russia's conflict with Ukraine is coming to an end, addressing reporters after a scaled-back military parade in Moscow marking the Soviet victory in World War Two. "I think that the matter is coming to an end," he said, referring to the "special military operation" in Ukraine, while condemning Western support for the Kyiv government. Russia's annual parade lacked the usual display of tanks and missiles, due to security concerns as authorities feared Ukraine might target Red Square with drones. A last-minute ceasefire between Moscow and Kyiv, brokered by US President Donald Trump, reduced the danger of any attack and the parade passed off without incident. (BBC News Web Page: 10/05/26, FARUK)

TAMIL FILM STAR VIJAY IS INDIAN STATE CHIEF MINISTER AFTER DAYS OF UNCERTAINTY

Film star-turned-politician C Joseph Vijay has been sworn in as the new chief minister of the Indian state of Tamil Nadu, ending days of political uncertainty. The 51-year-old's newly-formed party Tamilaga Vettri Kazhagam (TVK) won 108 seats in last week's vote-counting - leaving him 10 seats short of a majority in the 234-member assembly. India's main opposition Congress, with five seats, pledged support within hours of the results. But state Governor Rajendra Vishwanath Arlekar insisted that TVK submit proof of support from 118 legislators needed to form the government. On Saturday night, the actor received an appointment letter after he secured support from a number of smaller parties.
(BBC News Web Page: 10/05/26, FARUK)

ISRAEL DEPORTS TWO ACTIVISTS DETAINED ON BOARD GAZA FLOTILLA

Two pro-Palestinian activists who were detained in Israel after sailing on a flotilla carrying aid for Gaza have been deported. Saif Abu Keshek and Thiago Avila were taken to Israel after the Global Sumud Flotilla (GSF), made up of 22 boats and about 175 activists, was intercepted last week in international waters near Crete, hundreds of nautical miles from Gaza. All the other activists were taken to Crete and freed. The rights group representing the two activists, Adalah, said their detention was unlawful and that Israel's accusations against them were baseless. Israel had said it suspected Abu Keshek of links with a terrorist group and Avila of illegal activity - allegations they denied.
(BBC News Web Page: 10/05/26, FARUK)

LEBANON SAYS ISRAELI STRIKES KILLED 39

Thirty-nine people have been killed in another day of intense Israeli strikes in Lebanon, the country's health ministry said. One Israeli strike on the southern town of Salsakiyeh killed at least seven people, including a child, the ministry said. The Israel Defense Forces (IDF) said it had been targeting Lebanese armed group Hezbollah and was "aware of reports regarding harm to uninvolved civilians". Israeli forces and Hezbollah have continued to trade fire since US President Donald Trump announced a ceasefire deal between the governments of Israel and Lebanon on 16 April. Most of Israel's air strikes have hit southern Lebanon, with the military saying it is striking infrastructure and people linked to Hezbollah, the Iranian-backed militia and political party. (BBC News Web Page: 10/05/26, FARUK)

:: THE END ::